
কিং সোলাইমান (আ.)

এবং ৭২ জিন-শয়তানের গল্প

কাজী ম্যাক



সোলাইমান (আঃ)-র অধীনে বাহাত্তরটি জিন-শয়তান ছিল। তিনি এই জিন-শয়তানদের দাস হিসাবে ব্যবহার করতেন এবং তাদের দ্বারা নানা অসাধ্য কাজ সম্পাদন করাতেন। এরা ছিল জিন সম্প্রদায়ের মধ্যে সবচেয়ে বিপজ্জনক এবং ক্ষতিকারক শ্রেণির অন্তর্ভুক্ত।

পরবর্তীতে এই জিন-শয়তানদের হাত থেকে সাধারণ মানুষদের রক্ষা এবং কোনো মানুষ যেন এদের ব্যবহার করে কোনো খারাপ কাজ সম্পাদন করতে না পারে সেজন্য, তিনি এই জিন-শয়তানদের একটি পিতলের পাত্রে বন্দি করে সমুদ্রে ফেলে দিয়েছিলেন।

তবে জানা যায়, পাত্রটি ব্যাবিলনীয়রা আবিষ্কার করেছিল, তারা মনে করেছিল এটিতে গুপ্তধন রয়েছে। যখন তারা পাত্রটির মুখ খুলল, তখন ডেমন এবং তাদের সৈন্যদল মুক্ত হয়ে যায় এবং তারা তাদের বাড়িতে ফিরে যায়।

কিন্তু বেলিয়াল নামে একজন জিন-শয়তান থেকে যায়। যিনি একটি ছবিতে প্রবেশ করেছিলেন। যারা তার পূজা বা সাধনা করার মাধ্যমে তাকে সন্তুষ্ট করতে পারতো তিনি তাদের ভবিষ্যৎ বাণী করতেন এবং গুপ্ত-রহস্য জগত সম্পর্কে নানা রকম তথ্য প্রদান করতেন।

"লেমেগেটন", যা সোলাইমানের "লেজার কী" নামে পরিচিত। এটি এমন একটি কিতাব যেখানে এই বাহাত্তরটি জিন-শয়তানকে আহ্বান এবং তাদেরকে নিয়ন্ত্রণ করার পদ্ধতি বর্ণনা করা হয়েছে। এই জিন-শয়তানদের ব্রাজেন ভেসেলের জিন-শয়তান বলা হয়।

বাহাত্তরটি জিন-শয়তান সম্পর্কে লেমেগেটন এবং অন্যান্য বিভিন্ন জাদুর কিতাবে তাদের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এই বাহাত্তর জিন-শয়তানের যেসব নাম দেয়া হয়েছে, তার মধ্যে কিছু প্রাচীন প্যাগান দেব-দেবীর নামের অনুরূপ যেমন: "মারকুইস", "আম্মোন", "ডিউক" এবং "অষ্টারোথ" বা "রাজা বাল"।

প্যাগানদের দেব-দেবীর নামে এসব জিন-শয়তানদের সংজ্ঞায়িত করার কিছু কারণ স্কলাররা তুলে ধরেছেন। এর মধ্যে একটি অন্যতম কারণ হচ্ছে এসব জাদুর কিতাবের লেখকরা অধিকাংশ-ই খ্রিষ্টান স্কলার বা পাদ্রি ছিলেন। আর, সিমেটিক ধর্মের অনুসারী এবং এর স্কলাররা মনে করেন, প্যাগানরা দেব-দেবীর নামে মূলত শয়তান কিংবা খারাপ জিনদের পূজা করতো। উপরন্তু, বাহাত্তরটি জিন-শয়তানের মধ্যে কিছু জিন-শয়তানের নাম অজানা ছিল। তাই, এসব গবেষকরা নিছক ধারণার ওপর ভিত্তি এবং প্যাগানদের ওপর তাদের ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকেই, তারা এসব অজানা জিন-শয়তানদের নামের ক্ষেত্রে প্রাচীন দেব-দেবীর নাম ব্যবহার করেছিলেন।

এসব দেব-দেবীর মূল ভক্তরা আজ যদি দেখতে পেতো যে, তাদের দেব-দেবী আজ প্রেতাত্মা হিসাবে সংজ্ঞায়িত হচ্ছে তবে তারা হতবাক হয়ে যেত। কিছু ক্ষেত্রে এই বিকৃতি এমন পর্যায় চলে গিয়েছে যে, তাদের লিঙ্গও পরিবর্তিত হয়ে গিয়েছিল।

ইউরোপীয় খ্রিষ্টান স্কলাররা পুরোপুরি অজ্ঞানতাবসত শুধুমাত্র ধারণা ওপর ভিত্তি এবং বিভিন্ন ডেমনলজিস্টদের মুখের কথার ওপর ভিত্তি করে এই বাহাত্তরটি জিন-শয়তানের মধ্যে র‍্যাঙ্ক নির্ধারণ করেছেন। তবে, এসব জিন-শয়তানদের কার্যকারিতা এবং অস্তিত্ব নিয়ে কোনো স্কলারদের মধ্যে কোনোরকম দ্বিমত নেই।

Cover Design : Sazal Chowdhury

আর তারা অনুসরণ করেছে, যা শয়তানরা সুলাইমানের রাজত্বে পাঠ করত। আর সুলাইমান কুফরী করেনি; বরং শয়তানরা কুফরী করেছে। তারা মানুষকে যাদু শেখাত এবং (তারা অনুসরণ করেছে) যা নাযিল করা হয়েছিল বাবেলের দুই ফেরেশতা হারূত ও মারূতের ওপর। আর তারা কাউকে শেখাত না যে পর্যন্ত না বলত যে, 'আমরা তো পরীক্ষা, সুতরাং তোমরা কুফরী কোরো না।' এরপরও তারা এদের কাছ থেকে শিখত, যার মাধ্যমে তারা পুরুষ ও তার স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটাত। অথচ তারা তার মাধ্যমে কারো কোনো ক্ষতি করতে পারত না আল্লাহর অনুমতি ছাড়া। আর তারা শিখত যা তাদের ক্ষতি করত, তাদের উপকার করত না এবং তারা নিশ্চয় জানত যে, যে ব্যক্তি তা ক্রয় করবে, আখিরাতে তার কোনো অংশ থাকবে না। আর তা নিশ্চিতরূপে কতই-না মন্দ, যার বিনিময়ে তারা নিজেদেরকে বিক্রয় করেছে। যদি তারা বুঝত।

[সুরা বাকারা, আয়াত ১০২]



"মুসলমান"
"সন্ন্যাসী"
"আলোর পথের যাত্রী"
"আমি এবং আমার জগৎ"
"অন্ধ"
"তোতলা"
"আর্সেনিক"

কিং

সোলাইমান (আঃ)

এবং ৭২ জিন-শয়তানের গল্প

কাজী ম্যাক

বেনজিন
প্রকাশন

"রসায়ন জমুক বইয়ের সাথে..."

০১

কিং সোলায়মান (আ.) এবং ৭২ জিন-শয়তানের গল্প
কাজী ম্যাক

প্রথম প্রকাশ: মে, ২০২১

প্রকাশক: বেনজিন প্রকাশন

গ্রন্থসত্ব: লেখক

প্রচ্ছদ: সজল চৌধুরী

বর্ণবিন্যাস: নিঝুম

অফলাইন পরিবেশক:

১। জুহানী পাবলিকেশন

৩৭, নর্থব্রুক হল রোড, গিয়াস গার্ডেন বুক কমপ্লেক্স, বাংলাবাজার, ঢাকা-১১০০

২। বইপিয়ন প্রকাশনী কাউন্টার

এন আলি টাওয়ার, ৩৮ বাংলাবাজার, ঢাকা-১১০০

অনলাইন পরিবেশক: পড়ুয়া বুকশপ

facebook.com/poruabookshop1

মূল্য

২৬০ টাকা মাত্র

King Solaiman (A.) abong 72 Jin-Shoytaner Golpo
By Kazi Mac, Published by Benzene Prokashon.
Price: 260TK, US $ 05

নবীন লেখকগণ আপনাদের পান্ডুলিপি পাঠাতে পারেন: benzeneprokashon@gmail.com

ফেসবুকে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন: facebook.com/benzeneprokashon

উৎসর্গ

নিঝুম এবং বইপোকা মাহিন

ভূমিকা

প্রিয় ভাই এবং বোনেরা,

আসসালামু আলাইকুম। খুবই গুরুত্বপূর্ণ বিষয় যা আপনাদের জানানো অতি জরুরি। আর সেটা হলো আমি ইসলামিক লেখক নই। আমার লেখালেখির ধারা বা জনরা-

১. ইতিহাস

২. দর্শন

৩. কন্সপিরেসি বেইজড

৪. এন্টি-ইসলামিক কাল্ট

৫. নাস্তিক্যবাদ ভ্রান্তি

৬. আধুনিক শয়তানবাদ এবং

৭. অকাল্টিসিজম।

আমার লিখিত মাত্র ২ টি বই ইসলামের সাথে বলতে গেলে মোটামুটি রিলেটেড।

১. মৌলবাদী নাস্তিক, এবং

২. নাস্তিকের সাথে কথপোকথন

বাকি বইগুলো স্যাটানিক ম্যাকানিজম এবং কাল্ট নির্ভর। তাই আমাকে দয়া করে ইসলামিক লেখক বলবেন না। পরে দেখা যাবে এতে ঝামেলা বাড়তে পারে। আমার ইসলামিক লেখক হওয়ার মত যোগ্যতা নেই।

অতএব, এ বিষয়টি নিয়ে বিভ্রান্তিতে না পরার আকুল আবেদন থাকবে সবার কাছে। আমি উপরে উল্লেখিত বিষয় গুলো নিয়েই লিখি। তাই অনুরোধ থাকবে সরাসরি ইসলামিক লেখক কেউ বইলেন না।

এই বইটিও অকাল্ট বেইজড। ইসলাম ধর্মে এসব কনসেপ্ট কোন ভাবেই বিশ্বাস করে না। সোজাসাপ্টা বলতে গেলে এর কোন অস্তিত্ব নেই। তবে যারা জাদুবিদ্যার চর্চা করে তারা এসব বিষয়কে খুবই গুরুত্বের সাথে বিবেচনা করে থাকে। আমার প্রয়াস আপনাদের কে অকাল্ট বিষয় সম্পর্কে জানানো। যাতে পাশে ঘাপটি মেরে থাকা তথাকথিত কবিরাজ নামক এসব অকাল্টিস্ট, কালো

জাদুকর দের চিহ্নিত করতে পারেন। এই বইটির আরো কয়েকটি পার্ট হবে। এটা শুধুমাত্র ইন্ট্রো বলতে পারেন। খুবই শর্ট লেখা। বইটি আপনাকে শুধু ডেমন দের সাথে পরিচিত করাবে। পরবর্তী পার্ট গুলোতে বিস্তারিত বর্ণনা পবেন ইন শা আল্লাহ।

আল্লাহ্ সবাইকে সঠিক জ্ঞান দান করুক।

আমিন

কিং সোলাইমান (আ.) এর অধীনে বাহাত্তরটি জিন-শয়তান ছিল। তিনি এই জিন-শয়তানদের দাস হিসেবে ব্যবহার করতেন এবং তাদের দ্বারা নানা অসাধ্য কাজ সম্পাদন করাতেন। এরা ছিল জিন সম্প্রদায়ের মধ্যে সবচেয়ে বিপজ্জনক এবং ক্ষতিকারক শ্রেণীর অন্তর্ভুক্ত।

পরবর্তীতে এই জিন-শয়তানদের হাত থেকে সাধারণ মানুষদের রক্ষা এবং কোন মানুষ যেন এদের ব্যবহার করে কোন খারাপ কাজ সম্পাদন করতে না পারে, সেজন্য তিনি এই জিন-শয়তানদের একটি পিতলের পাত্রে বন্দি করে সমুদ্রে ফেলে দিয়েছিলেন।

তবে জানা যায়, পাত্রটি ব্যাবিলনীয়রা আবিষ্কার করেছিল। তারা মনে করেছিল এতে গুপ্তধন রয়েছে। যখন তারা পাত্রটির মুখ খুলল, তখন ডেমন এবং তাদের সৈন্যদল মুক্ত হয়ে যায় এবং তারা নরকে ফিরে যায়।

কিন্তু বেলিয়াল নামে একজন জিন-শয়তান থেকে যান, যিনি একটি ছবিতে প্রবেশ করেছিলেন। যারা তার পূজা বা সাধনা করার মাধ্যমে তাকে সন্তুষ্ট করতে পারতো, তিনি তাদের ভবিষ্যৎ বাণী করতেন এবং গুপ্ত-রহস্য জগত সম্পর্কে নানা রকম তথ্য প্রদান করতেন।

লেমেগেটন, যা সোলাইমানের লেজার কী নামে পরিচিত। এটি এমন একটি কিতাব যেখানে এই বাহাত্তরটি জিন-শয়তান কে আহ্বান এবং তাদেরকে নিয়ন্ত্রণ করার পদ্ধতি বর্ণনা করা হয়েছে। এই জিন-শয়তানদের ব্রাজেন ভেসেলের জিন-শয়তান বলা হয়।

বাহাত্তরটি জিন-শয়তান সম্পর্কে লেমেগেটন এবং অন্যান্য বিভিন্ন জাদুর কিতাবে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এই বাহাত্তর জিন-শয়তানের যেসব নাম দেয়া হয়েছে তার মধ্যে কিছু প্রাচীন প্যাগান দেব-দেবীর নামের অনুরূপ; যেমনঃ "মারকুইস","আম্মোন","ডিউক" এবং "অষ্টারোথ বা রাজা বাল"।

প্যাগানদের দেব-দেবীর নামে এসব জিন-শয়তানদের সংজ্ঞায়িত করার কিছু কারণ স্কলাররা তুলে ধরেছেন। এর মধ্যে একটি অন্যতম কারণ হচ্ছে, এসব জাদুর কিতাবের লেখকরা অধিকাংশই খ্রিষ্টান স্কলার বা পাদ্রি ছিলেন। আর সিমেটিক ধর্মের অনুসারী এবং এর স্কলাররা মনে করেন, প্যাগানরা দেব-দেবীর নামে মূলত শয়তান কিংবা খারাপ জিনদের পূজা করতো। উপরন্তু, বাহাত্তরটি জিন-শয়তানের মধ্যে কিছু জিন-শয়তানের নাম অজানা ছিলো। তাই এসব গবেষকরা নিছক ধারণার উপর ভিত্তি এবং প্যাগানদের উপর তাদের ভিন্ন দৃষ্টভঙ্গি থেকেই, তারা এসব অজানা জিন-শয়তানদের নামের ক্ষেত্রে প্রচীন দেব-দেবীর নাম ব্যবহার করেছিলেন।

এসব দেব-দেবীর মূল ভক্তরা আজ যদি দেখতে পেতো যে তাদের দেব-দেবী আজ প্রেতাত্মা হিসাবে সংজ্ঞায়িত হচ্ছে, তবে তারা হতবাক হয়ে যেতো। কিছু ক্ষেত্রে এই বিকৃতি এমন পর্যায়ে চলে গিয়েছে যে, তাদের লিঙ্গও পরিবর্তিত হয়ে গিয়েছিলো।

ইউরোপীয় খ্রিষ্টান স্কলাররা পুরোপুরি অজ্ঞানতাবশত শুধুমাত্র ধারণা উপর এবং বিভিন্ন ডেমনলজিস্টদের মুখের কথার উপর ভিত্তি করে এই

বাহাত্তরটি জিন-শয়তানের মধ্যে র‍্যাঙ্ক নির্ধারণ করেছেন। তবে, এসব জিন-শয়তানদের কার্যকারিতা এবং এক্সিস্টেন্স নিয়ে কোন স্কলারদের মধ্যে কোন দ্বিমত নেই।

কিং সোলাইমান (আ.) এর অধীনে থাকা ৭২ ডেমনকে মূলত জিন জাতির অন্তর্ভুক্ত হিসেবে মনে করা হয়। তবে বিভিন্ন বর্ণনা অনুসারে জানা যায় এরা সকলেই ফলেন এঞ্জেল। কিং সোলাইমান (আ.) এদের একটি পিতলের পাত্রে বন্দি করে সমুদ্রে ফেলে দিয়েছিলেন।

লেমেগেটন বা লেজার কি অফ সলোমনে এই ৭২ ডেমনকে আহ্বানের নিয়মনীতি বর্ণনা করা আছে। এদেরকে একত্রে "সকল অশুভ কাজ সম্পাদনাকারী" নামে ডাকা হয়। তাহলে পাঠক আসুন জেনে নেওয়া যাক কিং সোলাইমান (আ.) এর অধীনে থাকা সেই ৭২ ডেমন সম্পর্কে:

BAAL *(বাল)*




ডেমন বাল, কানানের কৃষি এবং উর্বরতার দেবতা, একজন ফলেন এঞ্জেল বা দানবে পরিণত হয়। পার্সিয়া এবং সিরিয়ার অনেক দেবদেবী এই বাল নামটি ধারণ করেছিলেন যার অর্থ "ঈশ্বর"।

সর্বশ্রেষ্ঠ বাল ছিলেন ইলের পুত্র এবং কানানের অন্যতম প্রধান দেবতা। তিনি জীবনের দেবতা ছিলেন এবং মৃত্যু ও পুনর্জন্মের চক্রটির দেখভাল করতেন। তিনি মতের (মৃত্যুর) সাথে যুদ্ধে জড়িয়ে যান এবং পরাজিত হওয়ার পর তাকে পাতাললোকে প্রেরণ করা হয়। বালের বোন আনাথ (প্রেমের দেবী) তার মৃতদেহ খুঁজে পেয়ে যথাযথভাবে সৎকার না করা পর্যন্ত কানানে খরা দেখা দিয়েছিল। সকল গাছ এবং ফসল শুকিয়ে গিয়েছিল। কানানীয়রা বাল দেবতার পুজো করেন এবং তার উদ্দেশ্যে বাচ্চাদের আগুনে পুড়িয়ে উৎসর্গ করেন।

জোহারের মতে বাল রাফায়েলের সমকক্ষ। কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে বাল প্রথম। তিনি পূর্বের রাজা এবং নরকের ৬৬ টি দলকে পরিচালিত করেন। তার তিনটি মাথা: একটি বিড়ালের, একটি মাছের এবং একটি মানুষের।

তার মোহর বা চিহ্ন:



AGARES (অ্যাগারেস)



কিং সোলাইমান (আ.)-এর ৭২ শয়তানের ভেতর দ্বিতীয় হলেন অ্যাগারেস। দানব অ্যাগারেস একজন ফলেন এঞ্জেল। পতনের পূর্বে তিনি স্বর্গীয় সাত ফেরেশতার অন্তর্ভুক্ত ছিলেন।


ড. রুডের মতানুসারে, ফেরেশতা জেলিয়েল তাকে আবদ্ধ করেছিলেন। দোজখে অ্যাগারেস পূর্বের প্রথম ডিউক (Duke) এবং সেখানে তিনি ৩১ টি শয়তান বাহিনীকে পরিচালনা করেন।

বিভিন্ন পুঁথিতে অ্যাগারেসকে একজন সুদর্শন পুরুষ হিসেবে দেখা যায়। আবার কেউ কেউ তাকে এক বৃদ্ধ রূপের বলেও বর্ণনা করে

থাকেন। তার গায়ের বর্ণ সাদা, বাহন কুমির এবং তিনি নিজের মুষ্টিতে একটি গোশক (*Goshawk*) ধারণ করেন।

বিভিন্ন শয়তানি গ্রন্থে তার ক্ষমতার উল্লেখ পাওয়া যায়। তিনি চলমানকে স্থির করতে পারেন। রাস্তার মোড় ঘুরিয়ে পথচারীকে বিভ্রান্ত করতে পারেন। যুদ্ধক্ষেত্রে তিনি শত্রুকে পরাজিত করার ক্ষমতা রাখেন এবং পলায়িত শত্রুকে খুঁজে বের করতে পারেন। তিনি পৃথিবীর সকল ভাষায় সমভাবে পারদর্শী এবং নিজের আহ্বানকারীকে এ সকল ভাষা শিক্ষা দিতে পারেন। অ্যাগারেসকে অনেকে অর্থনৈতিক পরামর্শ প্রদান এবং বন্ধুত্ব রক্ষার জন্যও আহ্বান করে থাকে। তার ইশারায় ভূমিকম্প হয় এবং তিনি মানুষের সকল আধ্যাত্মিক গৌরব ধ্বংস করার ক্ষমতা রাখেন।

তার মোহর বা চিহ্ন, যা দ্বারা তাকে আহ্বান করতে হয়:




VASSAGO (ভাসাগো)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ভাসাগো তৃতীয়। তিনি একজন ফলেন এঞ্জেল এবং তার অধীনে দোজখের ২৬ টি সৈন্যবাহিনী রয়েছে। ভাসাগোকে দোজখের রাজপুত্র বলা হয়। তার স্বভাব অনেকটা ডেমন এগারেস (*Agares*) এর মতো।

তার চিহ্ন:




তিনি অতীত,বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে সম্যক জ্ঞাত। ভাসাগো হারিয়ে যাওয়া বা গোপন যেকোনো কিছু খুঁজে বের করতে পারেন। ডেমন হিসেবে সে বেশ শান্ত প্রকৃতির। বেশিরভাগ সময়ই তাকে কোনো ভালো উদ্দেশ্য পূরণের জন্য আহ্বান করা হয়।

VALAK (ভ্যালাক)



দোজখের একজন অন্যতম প্রেসিডেন্ট ভ্যালাক। কিং সোলাইমান (আ.) এর ৪র্থ ডেমন তিনি। তার ফেরেশতাদের মতো দুটো ডানা আছে। ভ্যালাকের বাহন একটি দুই মাথাওয়ালা ড্রাগন।



তিনি বেশিরভাগ ক্ষেত্রে গুপ্তধন খুঁজে পেতে মানুষকে সাহায্য করেন এবং মানুষকে নানা বিপদের পূর্বাভাস দিয়ে থাকেন। তার অধীনে শয়তান বাহিনীর সংখ্যা ৩০ টি।


MARBAS

(মারবাস)

৭২ ডেমনের ভেতর মারবাসের স্থান পঞ্চম। তিনি দোজখে প্রেসিডেন্ট হিসেবে রাজত্ব করেন। তার অধীনে রয়েছে ৩৬ টি শয়তানবাহিনী।



তিনি প্রথমে সিংহরূপে আবির্ভূত হন এবং ক্রমেই মানবরূপ ধারণ করেন। তিনি গোপন রহস্যের জ্ঞান রাখেন। তিনি যেকোনো রোগ সৃষ্টি এবং আরোগ্য দান করতে পারেন। তিনি যন্ত্রবিদ্যা সম্পর্কে মানুষকে জ্ঞান দিয়ে থাকেন এবং মানুষের বাহ্যিক আকার পরিবর্তন করার ক্ষমতা রাখেন।




VALEFOR/MALAPHAR/ MALEPHAR

(ভ্যালেফর/ম্যালেফার)



কিং সোলাইমান (আ.) এর ষষ্ঠ ডেমন হলো ম্যালেফার। তিনি একজন ফলেন এঞ্জেল। জাহান্নামে তিনি বর্তমানে একজন ডিউক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং তার অধীনে রয়েছে দশটি শয়তানবাহিনী। তার সিংহের মতো একাধিক মাথা রয়েছে।




তিনি তার শিকারকে চৌর্যবৃত্তির দিকে পরিচালিত করেন এবং তার ফাঁসি নিশ্চিত করেন।



AMON (এমন)

কিং সোলাইমান (আ.) এর সপ্তম ডেমন হলেন এমন। জাহান্নামে তিনি একজন শক্তিশালী এবং প্রভাবশালী মারকুইজ।

তিনি প্রথমে একটি নেকড়ের রূপে আবির্ভূত হন। কিন্তু জাদুকরের আদেশে তিনি মানব রূপও ধারণ করতে পারেন। তার দাঁড়কাকের মতো মাথা এবং কুকুরের মতো দাঁত রয়েছে। তিনি সঠিকভাবে অতীত এবং ভবিষ্যৎ সম্পর্কে বলতে পারেন। তিনি নারী পুরুষকে একে অপরের প্রেমে ফেলতে পারেন। শত্রুদের মাঝে ভুল বোঝাবুঝি দূর করে বন্ধুত্ব সৃষ্টি করতে পারেন। তার অধীনে ৪০ টি শয়তান বাহিনী রয়েছে।




BARBATOS *(বারবাটস)*



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে অষ্টম হলেন বারবাটস। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ ভার্চুজ এর সদস্য ছিলেন। বর্তমানে নরকে তিনি একই সাথে একজন কাউন্ট, আর্ল এবং ডিউক। তার অধীনে শয়তানবাহিনী রয়েছে ৩০ টি।

যখন সূর্য বিষুবরেখায় থাকে তিনি তার চার রাজা এবং তিন সহযোগী বাহিনীর সাথে উপস্থিত হন। তিনি সকল প্রাণীর ভাষা বোঝেন। গুপ্তধন

খুঁজে বের করতে পারেন। মানুষের মাঝে বন্ধুত্ব সৃষ্টি করতে পারেন। তিনি মানুষকে বিজ্ঞানের শিক্ষা দেন এবং অতীত ও ভবিষ্যতের সবকিছু জানেন।




PAIMON (পাইমন)



পাইমন একজন ফলেন এঞ্জেল এবং ৭২ ডেমনের মধ্যে তিনি নবম। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ ডমিনেসনের দায়িত্বে ছিলেন। লুসিফারের মতোই তিনি নিজের জ্ঞান নিয়ে গর্বিত ছিলেন এবং এ কারণে লুসিফারের সাথেই তার পতন ঘটেছিল। বর্তমানে তিনি দোজখের একজন অন্যতম রাজা এবং ২০০ শয়তানবাহিনীর অধিপতি।

তিনি সর্বদা একজন রাজার বেশে আবির্ভূত হন। বিভিন্ন সুরকার নানা সংগীতের যন্ত্রপাতি দ্বারা তার চারদিকে নৃত্য করতে থাকে। তার বাহন উট। তিনি মানুষকে সকল কলা, বিজ্ঞান এবং গোপন বিষয়ে শিক্ষা দান করেন। যাদুকরের ইচ্ছায় মানুষকে বশীভূত করেন এবং মানুষকে সুখ্যাতি দান করেন। তার কণ্ঠস্বর সর্বদা গর্জনরত শোনায়। তিনি


মানুষকে যেকোনো প্রশ্নের উত্তর দিতে পারে। তাকে বেশিরভাগ সময় উত্তর-পশ্চিমের দিকে দেখতে পাওয়া যায়।



BUER *(ব্যুর)*



কিং সোলাইমান (আ.) এর দশম ডেমনের নাম ব্যুর। তিনি একজন প্রেসিডেন্ট এবং প্রায় পঞ্চাশটিরও বেশি শয়তানবাহিনী তার অধীনে রয়েছে। তিনি উপস্থিত হন যখন সূর্য বিষুবরেখায় অবস্থান করে।




তিনি মানুষকে যুক্তিবিদ্যা, নৈতিকতা, আয়ুর্বেদ এর শিক্ষা দেন। ব্যুর সকল মানসিক সমস্যার নিরাময় ঘটান এবং মানুষকে সুখ্যাতি দান করেন।



GUSION

(গুস্যন)

ডেমন গুস্যন হলেন এগারোতম ডেমন। তিনি জাহান্নামের একজন ডিউক। তিনি জেনোফিলিস রূপে আবির্ভূত হন।




তিনি অতীত বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে মানুষকে জ্ঞান দেন। সকল প্রশ্নের উত্তর দেন। সম্মান এবং মর্যাদা দান করেন। শত্রুদেন ধ্বংস করেন। তার অধীনে রয়েছে জাহান্নামের ৪০ টি শয়তানবাহিনী।

SITRI (সিটরি)



সিটরিও যথারীতি একজন ফলেন এঞ্জেল এবং ৭২ ডেমনের মধ্যে তিনি বারোতম। তার অধীনে রয়েছে ৬০ টি শক্তিশালী শয়তানবাহিনী।



তিনি দোজখের একজন শক্তিশালী রাজপুত্র। তার মুখমন্ডল এবং দেহ চিতাবাঘের মতো। সাথে রয়েছে গ্রিফনের মতো বিরাট একজোড়া ডানা।

তিনি মানবরূপও ধারণ করেন। মানবরূপে তিনি একজন সুদর্শন পুরুষ হিসেবে আবির্ভূত হন। তিনি নারী পুরুষকে একে অপরের প্রেমে পরতে বাধ্য করেন এবং তাদের মধ্যে কামের জাগরণ ঘটান।


BELETH (বেলেথ)



ডেমন বেলেথ একজন ফলেন এঞ্জেল এবং ৭২ ডেমনের মধ্যে তার ক্রমিক নং ১৩। নরকে তিনি এক প্রভাবশালী রাজা হিসেবে রাজত্ব করেন এবং তার অধীনে রয়েছে ৮৫ টি শয়তানবাহিনী।

তিনি একসময় এঞ্জেলিক অর্ডার অফ পাওয়ার্স এর সদস্য ছিলেন। তিনি একটি ধূসর ঘোড়ায় চড়ে উপস্থিত হন। তার চারদিকে বাদকরা বিভিন্ন বাদ্যযন্ত্র বাজাতে থাকে। প্রথমবার আহ্বানের পর তিনি বেশ রাগান্বিত থাকেন এবং তাকে অবশ্যই জাদুকরী ত্রিভুজের ভেতর প্রবেশ করাতে হয়। তাকে বেশ সৌজন্যতার সাথে আহ্বান করতে হয়। কিন্তু জাদুকরের মনে যদি তার প্রতি এক মুহূর্তের জন্যও ভয় সৃষ্টি হয়, বেলেথ সেই জাদুকরের প্রতি চিরকালের জন্য শ্রদ্ধা

হারান। বেলেথের থেকে নিজেকে রক্ষা করার জন্য জাদুকর নিজের বাম হাতের মাধ্যমায় একটি রূপার আংটি পরেন। বেলেথ যদি জাদুকরের সাথে আপস করতে না চায়, তাহলে জাদুকর তার হুকুম মানতে বাধ্য থাকেন।




জন ওয়ায়ের মতে, *"এক বোতল মদ বেলেথকে সহজে আপস করতে উৎসাহ দেয়।"*

LERAIE (লেরেজ)




লেরেজ একজন ফলেন এঞ্জেল এবং ৭২ জিনের মধ্যে তার অবস্থান চৌদ্দতম। লেরেজ একজন মারকুইজ। তার অধীনে রয়েছে ৩০ টি শয়তানবাহিনী।

সবুজ পোশাক পরে তিনি একজন ধনুর্ধরের বেশে আবির্ভূত হন। তার হাতে থাকে তীর ধনুক। তিনি বিশাল যুদ্ধ সৃষ্টি করতে পারেন এবং শত্রুপক্ষকে পরাস্ত করতে পারেন।




ABIGOR/ ELIGOS *(এবিগর)*



পনেরোতম ডেমন হলেন এবিগর। তাকে "দ্য গ্রেট ডিউক অফ হেল" বলা হয়। এবিগর ঘোড়ায় আরোহিত একজন সুদর্শন পুরুষের রূপে আবির্ভূত হন। তার হাতে একটা রাজদণ্ড শোভা পায়।


তিনি যুদ্ধের সকল রহস্য জানেন এবং ভবিষ্যৎ সম্পর্কে সচেতন থাকেন। তিনি সৈন্যদের বিশ্বাস জিততে নেতাদের সাহায্য করেন। দোজখে তার অধীনে থাকা শয়তানবাহিনীর সংখ্যা ষাটটি।



ZEPAR (জিপার)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ১৬ তম হলো জিপার। তিনি একজন ফলেন এঞ্জেল। জিপার জাহান্নামের একজন ডিউক। তার অধীনে ২৬ টি শয়তানবাহিনী রয়েছে। বিভিন্ন বর্ণনামতে তিনি একজন সৈনিকের বেশে আসেন। তার পরনে থাকে লাল বর্ম।



জিপার যেকোনো নারীকে কোনো বিশেষ পুরুষের দিকে আকৃষ্ট করতে পারেন। নারীদের যৌনাঙ্গের আকার পরিবর্তন করতে পারেন। এবং যেকোনো

নারীকে সারাজীবনের জন্য বন্ধ্যা করে দিতে পারেন।


বর্তমানেও অনেক জাদুকর নিজের পছন্দের নারীকে পাওয়ার জন্য তার আহ্বান করে থাকেন।



SEERE *(স্যির)*

কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে স্যির ১৭ তম। নরকে তিনি একজন রাজকুমার। তিনি ঘোড়ায় চড়ে একজন সুদর্শন পুরুষের রূপে আবির্ভূত হন।

তার প্রধান কাজ জিনিসপত্র আনা নেয়া করা। তিনি এক পলকের ভেতর পুরো পৃথিবী ভ্রমণ করতে পারেন। তিনি খুব শান্ত স্বভাবের এবং জাদুকরের সকল আদেশ পালন করতে প্রস্তুত থাকেন। তার অধীনে




শয়তানবাহিনীর সংখ্যা ২৬ টি। তাকে আহ্বানের সময় অবশ্যই তার মোহর ব্যবহার করতে হয়।

BATHIN *(ব্যাথিন)*



কিং সোলাইমান (আ.) এর ১৮তম ডেমন ব্যাথিন। তিনি একজন শক্তিশালী ডিউক। তার একটি সাপের মতো লেজ রয়েছে এবং তিনি ধূসর ঘোড়ায় আরোহণ করেন। তিনি মানুষকে আয়ুর্বেদ এবং পাথরের ব্যবহারের জ্ঞান দান করেন। মুহূর্তের মধ্যেই মানুষকে এক দেশ থেকে অন্য দেশে নিয়ে যেতে পারেন।



তার অধীনে রয়েছে ৩০ টি শয়তানবাহিনী। ব্যাথিনকে আহ্বানের পূর্বে সুরক্ষার জন্য জাদুকরকে অবশ্যই তার মোহর ব্যবহার করতে হয়।


SALLOS (স্যালোস)



ডেমন স্যালোস একজন ফলেন এঞ্জেল এবং কিং সুলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি উনিশতম। দোজখে তিনি একজন ডিউক হিসেবে দায়িত্বরত।

তিনি একজন সাহসী যোদ্ধার বেশে আবির্ভূত হন। তার মাথায় থাকে ডিউকের তাজ এবং তার বাহন কুমির। তিনি নারী পুরুষকে প্রেমের দিকে ধাবিত করেন এবং

বিশ্বজগৎ সৃষ্টি সম্পর্কে কর্তৃত্ববাদী কথাবার্তা বলে থাকেন। তার অধীনে দোজখের ত্রিশটি সৈন্যবাহিনী রয়েছে।




PURSON (পুরসন)




কিং সোলাইমান (আ.) এর বিশতম ডেমন পুরসন। একসময় তিনি এঞ্জেলিক অর্ডার অফ ভার্চুস এর সদস্য ছিলেন। তিনি দোজখের একজন শক্তিশালী রাজা। তারা মাথা সিংহের

মতো, দেহ মানুষের মতো। তার হাতে একটি সাপ দেখতে পাওয়া যায় এবং তার বাহন ভাল্লুক। তার অধীনে ২২ টি শয়তানবাহিনী রয়েছে।




পুরসন গুপ্তধন খুঁজে বের করতে সাহায্য করে। কোনো জিনিসকে লুকাতে সাহায্য করে। অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে জ্ঞান দান করেন। মানুষকে খ্যাতি অর্জন করতে সাহায্য করে। মানবীয় এবং আধ্যাত্মিক প্রশ্নগুলোর সঠিক উত্তর প্রদান করে থাকেন।



MARAX *(ম্যারাক্স)*

একুশতম ডেমন হলেন ম্যারাক্স। তিনি একজন

ফলেন এঞ্জেল। দোজখে তিনি একই সাথে একজন আর্ল এবং প্রেসিডেন্ট। তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৩৬ টি।



তিনি একটি ষাঁড়রূপে আবির্ভূত হন। মানুষকে তিনি বিজ্ঞান এবং জ্যোতির্বিদ্যার জ্ঞান দান করেন। তিনি নানান ভেষজ এবং পাথরের ব্যবহার সম্পর্কে জ্ঞান রাখেন এবং তিনি মানুষকে সুখ্যাতি দিতে পারেন।




POS
(ইপোস)

বাইশতম ডেমন হলেন ইপোস। যথারীতি তিনিও একজন ফলেন এঞ্জেল। ইপোস একই সাথে

দোজখের একজন রাজকুমার এবং আর্ল। তার অধীনে আছে ৩৬ টি শয়তানবাহিনী।

তিনি ফেরেশতার বেশে উপস্থিত হন। তার সিংহের মতো মাথা, হাঁসের মতো পা এবং খরগোশের মতো লেজ রয়েছে। জন ওয়ার বলেন, *"ইপোস হয় একজন ফেরেশতার বেশে আসেন অথবা একজন শয়তান সিংহের বেশে।"*



ইপোস অতীত এবং ভবিষ্যৎ সম্পর্কে জ্ঞান রাখেন। তিনি মানুষকে প্রজ্ঞা এবং সাহস দান করেন। তিনি মানুষের গাম্ভীর্য কমিয়ে তাকে রসিক করে তোলেন।


AIM *(এইম)*

কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তেইশ তম হলো এইম। তিনি একজন শক্তিশালী ডিউক। এইম একজন সুঠামদেহী পুরুষরূপে আবির্ভূত হন। তার তিনটি মাথা রয়েছে : একটি সাপের,

একটি বিড়ালের এবং একটি মানুষের যার কপালে দুটো তারা অঙ্কিত রয়েছে।



তার বাহন বিষাক্ত সাপ। হাতে সর্বদা থাকে জ্বলন্ত মশাল, যা দিয়ে তিনি ধ্বংসযজ্ঞ পরিচালিত করেন। তিনি মানুষকে ধূর্ত করে তোলেন এবং ব্যক্তিগত গোপন প্রশ্নগুলোর জবাব দিয়ে থাকেন। তার অধীনে ২৬ টি শয়তানবাহিনী রয়েছে।




NABRUS (ন্যাবরিউস)



চব্বিশতম ডেমনের নাম ন্যাবরিউস। তিনিও যথারীতি একজন ফলেন এঞ্জেল। দোজখে তিনি একজন মারকুইজ হিসেবে রাজত্ব করেন। তার অধীনে আছে ১৯ টি শয়তানবাহিনী।

তিনি একটি মোরগ হিসেবে হাজির হন এবং জাদুবৃত্তের ভেতর ঘুরতে থাকেন। ভাঙা কণ্ঠে তিনি বিজ্ঞান, কলা এবং যুক্তিবিদ্যার জ্ঞান প্রদান করে থাকেন। তিনি মানুষের হারানো সম্মান ও মর্যাদা পুনরুদ্ধার করতে পারেন।




GAMGIN (জেমিজিন)




ডেমন জেমিজিন একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি পঁচিশতম। তিনি একজন ডিউক। তার অধীনে রয়েছে জাহান্নামের ৩০ টি শয়তানবাহিনী।

তিনি প্রথমে একটি ছোট ঘোড়া কিংবা গাধার রূপে আবির্ভূত হন এবং পরবর্তীতে মানবরূপ ধারণ করেন। তার কণ্ঠস্বর কর্কশ।




জেমিজিন মানুষকে বিজ্ঞানের শিক্ষা দেন। তিনি সেসকল মানুষের আত্মার খবরাখবর দিতে পারেন যাদের মৃত্যু

কোনো পাপের কারণে হয়েছে। তিনি ডুবে যাওয়া মানুষের আত্মা এবং প্রায়শ্চিত্তরত মানুষের আত্মাদের জাদুকরের সামনে উপস্থিত করতে পারেন। সে সকল আত্মারা সাধারণত বিদেহী আত্মা হিসেবে উপস্থিত হন এবং জাদুকর তাদের যেকোনো প্রশ্ন করতে পারেন। তাকে অনেকসময় সামিজিন নামেও ডাকা হয়।



BUNE *(বিউন)*

ছাব্বিশতম ডেমন বিউন। তিনি একজন ডিউক। তার অধীনে রয়েছে ৩০ টি শয়তানবাহিনী। তিনি একজন তিন মাথাওয়ালা ড্রাগনের বেশে আবির্ভূত হন।






RONOVE

(রোনভ)

কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ২৭ তম হলেন রোনভ। তিনি একই সাথে একজন আর্ল এবং মারকুইজ। তিনি বক্তৃতা ও শিল্পজ্ঞানের পাশাপাশি ভাষার জ্ঞান প্রদান করে থাকেন। তার অধীনে ১৯ টি শয়তানবাহিনী রয়েছে।

ডেমন রোনভও যথারীতি বাকি ডেমনদের মতো একজন ফলেন এঞ্জেল, তবে পতনের পূর্বে তিনি কি হিসেবে দায়িত্বরত ছিলেন সে সম্পর্কে কোনো সঠিক তথ্য পাওয়া যায় না।




GLASYA LABOLAS

(গেল্লসয়া ল্যাবোলাস)



ডেমন গ্লেসয়া ল্যাবোলাস একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ২৮ তম। তিনি জাহান্নামে একজন প্রেসিডেন্ট হিসেবে রাজত্ব করেন।



তিনি একজন ডানাওয়ালা কুকুরের বেশে হাজির হন। তিনি মানুষকে অদৃশ্য করে দিতে পারেন এবং অতীত ও ভবিষ্যৎ এর জ্ঞান দান করতে পারেন।

তিনি সকল হত্যাকাণ্ডের মূল এবং সবসময় মানুষকে রক্তপাতের দিকে ধাবিত করেন। তিনি রাতারাতি সমস্ত কলা এবং বিজ্ঞানের জ্ঞান মানুষকে দান করেন। তার অধীনে রয়েছে জাহান্নামের ৩৬ টি শয়তানবাহিনী।

ASTAROTH (এসতারথ)




প্রাচীন ফোনেসিয়ান উর্বরতার দেবী এসটারতের বিবর্তিত রূপ হলেন ডেমন এসতারথ। তিনিও একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ২৯ তম।

ইহুদি লোককাহিনী অনুসারে, পতনের পূর্বে তিনি বেশ উচ্চপদস্থ ফেরেশতা ছিলেন এবং তাকে ফেরেশতাদের রাজপুত্রও বলা হতো। জাহান্নামে তিনি একই সাথে একজন গ্র্যান্ড ডিউক এবং কোষাধ্যক্ষ। তার

অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৪০ টি। তিনি লুসিফার এবং বেলজাবিবের সাথে দ্য আনহলি ত্রিনিটির সদস্য।

লেমেগেটন অনুসারে, তিনি একজন সুন্দর কিংবা কুৎসিত ফেরেশতারূপে আবির্ভূত হন। তার বাহন ড্রাগন এবং তার হাতে শোভা পায় একটি সাপ। তার নিঃশ্বাসের সাথে দুর্গন্ধ নিঃসৃত হয়। যেসকল জাদুকরেরা তাকে আহ্বান করে, তাদের অবশ্যই তার দুর্গন্ধ থেকে নিজেকে রক্ষা করার জন্য একটি বিশেষ মন্ত্রপুত আংটি নিজের মুখের সামনে ধরে রাখতে হয়।




এসতারথ মানুষকে সকল বিজ্ঞানের জ্ঞান দান করেন। তিনি অতীত, বর্তমান এবং ভবিষ্যতের সকল গোপন ব্যাপার সম্পর্কে জ্ঞান রাখেন। তিনি মানুষকে অলস করে তোলেন।

এসতারথ সৃষ্টি, ফেরেশতাদের পতন এবং তাদের ত্রুটি নিয়ে কথা বলতে ভালোবাসেন। তিনি বিশ্বাস করেন তাকে ঈশ্বর তাকে অন্যায়ভাবে শাস্তি দিয়েছেন এবং একদিন ঈশ্বর নিজের ভুল বুঝবেন ও তাকে তার ন্যায্য সম্মান দান করবেন।


এসতারথকে আহ্বান করতে হয় বৃহস্পতিবার রাত দশটা থেকে এগারোটার মধ্যে। সেইন্ট বার্থলমিউ এর সাহায্যে প্রার্থনা করে তাকে ব্যর্থ করা যেতে পারে।

FORNEUS (ফরনিয়াস)



কিং সোলাইমান (আ.) এর ত্রিশতম ডেমন ফরনিয়াস। তিনি একজন ফলেন এঞ্জেল এবং পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ থ্রোনস এর সদস্য ছিলেন। তার অধীনে ২৯ টি শয়তান বাহিনী রয়েছে।

ফরনিয়াস একজন মারকুইজ। তিনি একজন জলদানব হিসেবে আবির্ভূত হন। তিনি মানুষকে শিল্প এবং ভাষার জ্ঞান দিয়ে থাকেন। মানুষকে সুখ্যাতি দান করেন। শত্রুর মনে ভালোবাসার সৃষ্টি করেন।




FORAS-FORCAS
(ফোরাস-ফরকাস)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ৩১ তম হলেন ফোরাস-ফরকাস। তিনি একজন প্রেসিডেন্ট এবং তার অধীনে

রয়েছে নরকের উনত্রিশটি শয়তানবাহিনী।




তিনি একজন শক্তিশালী পুরুষরূপে আবির্ভূত হন। তিনি মানুষকে যুক্তি, নীতিশাস্ত্র, আয়ুর্বেদ ও পাথরের ব্যবহার সম্পর্কিত জ্ঞান দান করেন। তিনি মানুষকে অদৃশ্য করে ফেলতে পারেন। গুপ্তধন এবং হারানো বস্তু খুঁজে পেতে সাহায্য করেন। মানুষকে বুদ্ধি, প্রজ্ঞা এবং দীর্ঘায়ু দান করেন।



ASMODEUS
(এসমোডিউয়াস)

এসমোডিউয়াস কাম, হিংসা, ক্রোধ এবং প্রতিশোধের দানব। কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ৩২ তম।

এসমোডিউয়াস স্বামী স্ত্রীর মধ্যে সহবাস বন্ধ করেন। বিবাহ নষ্ট করেন এবং স্বামীদের ব্যভিচারে লিপ্ত হতে বাধ্য করেন। ইতিহাস জুড়ে সব থেকে বেশি পজেশনের সাথে এসমোডিউয়াস জড়িত ছিলেন।



শয়তানের সহচরীদের মধ্যে তাকে সবথেকে বেশি দুষ্ট চরিত্রের অধিকারী হিসাবে ধরা হয়। তাকে সাধারণ তিন মাথাবিশিষ্ঠ হিসেবে চিত্রায়িত করা হয়। তার পাগুলো মোরগের পায়ের মতো। বিশাল দুটো ডানা রয়েছে। আর তার রয়েছে সাপের মতো লেজ। তার বাহন ড্রাগন এবং তার নিঃশ্বাসের সাথে আগুন নির্গত হয়।


হিব্রু লোককাহিনী অনুসারে তিনি নামাহ এবং শ্যামডনের পুত্র। তার পতনের পূর্বে তিনি সেরাফিমের সদস্য ছিলেন। হিব্রু মতে তিনি লিলিথের স্বামী। আবার কখনো কখনো তাকে লিলিথ এবং আদমের সন্তান হিসেবেও ধরা হয়।তার অধীনে শয়তান বাহিনীর সংখ্যা ৪৬ টি।

GAAP (গ্যাপ)




ডেমন গ্যাপ একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ৩৩ তম। একসময় তিনি এঞ্জেলিক অর্ডার অফ পাওয়ারের সদস্য ছিলেন। বর্তমানে জাহান্নামে গ্যাপ একই সাথে একজন প্রেসিডেন্ট এবং শক্তিশালী রাজা। তার অধীনে রয়েছে জাহান্নামের ৬৬ টি শয়তানবাহিনী।

সূর্যগ্রহণ চলাকালীন সময়ে তিনি মানবরূপে আবির্ভূত হন। তার বাদুড়ের মতো বিশাল দুটি ডানা রয়েছে। চারজন শক্তিশালী রাজা তাকে ঘিরে থাকেন।




গ্যাপ মানুষকে বিজ্ঞান এবং দর্শনের শিক্ষা দেন। মানুষের ভেতর ভালোবাসা এবং ঘৃণার মতো অনুভূতিগুলোকে বাড়িয়ে তোলেন। মানুষকে সংবেদনশীল করে তোলেন। অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কিত যেকোনো প্রশ্নের সঠিক উত্তর দেন। তিনি জাদুকরদের খ্যাতি ছিনিয়ে নেন। আদেশ অনুসারে তিনি মানুষকে খুব দ্রুত এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যেতে পারেন। গ্যাপ নিজের কর্তা, অ্যামায়মন-এর পবিত্রতা বর্ণনা করেন।



FURFUR (ফুরফুর)

ডেমন ফুরফুর হলেন চৌত্রিশতম ডেমন। দোজখে তিনি একজন আর্ল। তাঁর অধীনে রয়েছে ছাব্বিশটি শয়তানবাহিনী।

তার রূপ অতি কুৎসিত।



তাকে অবশ্যই জাদুর ত্রিভুজের ভেতর আহ্বান করতে হবে। নতুবা তিনি কোনো কথা বলেন না। কিংবা কথা বললেও মিথ্যা বলেন। ত্রিভুজের ভেতর তিনি নিজের রূপ পরিবর্তন করে একজন সুদর্শন ফেরেশতার বেশ ধারণ করেন। তার গলার স্বর তীক্ষ্ম এবং কর্কশ।


ফুরফুর স্বামী স্ত্রীর ভেতরে ভালোবাসা সৃষ্টি করে। তিনি অধ্যাত্মিক গোপন বিষয়াদি সম্পর্কে সঠিক উত্তর প্রদান করেন। তিনি ঝড়, বৃষ্টি এবং বজ্রপাত সৃষ্টি করতে পারেন।

MARCHOSIAS *(মারকোসাস)*

মারকোসাস একজন ফলেন এঞ্জেল এবং ৭২ ডেমনের মধ্যে তার ক্রমিক নং পয়ত্রিশ। তিনি একজন মারকুইজ এবং তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ত্রিশ।



তিনি একজন সি উলফ রূপে আবির্ভূত হন যার গ্রিফিনের মতো ডানা এবং সর্পের মতো লেজ রয়েছে। তার মুখ দিয়ে আগুন জ্বলে। জাদুকরের আদেশে তিনি মানব রূপও ধারণ করতে পারেন। তিনি একজন শক্তিশালী যোদ্ধা। তিনি জাদুকরের দেয়া প্রতিটি দায়িত্ব বিশ্বস্ততার সাথে পালন করে থাকেন এবং সকল প্রশ্নের সঠিক উত্তর প্রদান করে থাকেন।




পতনের পূর্বে মারকোসাস এঞ্জেলিক অর্ডার অফ ডমিনেশনের দায়িত্বে ছিলেন। তিনি বিশ্বাস করেন ১২০০০ বছর পর তিনি পুনরায় স্বর্গের সপ্তম সিংহাসনে অধিষ্ঠিত হবেন।

SOLAS/STOLAS (স্যোলাস)



ছত্রিশতম ডেমন স্যোলাসও যথারীতি একজন ফলেন এঞ্জেল। তিনি দোজখের একজন শক্তিশালী রাজপুত্র। তিনি প্রথমে একটি দাঁড়কাক বা পেঁচার রূপে আবির্ভূত হন এবং এরপর মানবরূপ ধারণ করেন।

তিনি মানুষকে জ্যোতির্বিজ্ঞানের জ্ঞান প্রদান করেন। আয়ুর্বেদ এর শিক্ষা দেন। গাছপালার মাধ্যমে ভবিষ্যৎবাণী করার জ্ঞান এবং বিভিন্ন পাথরের ব্যবহারও তিনি তার আহ্বানকারীকে শিখিয়ে থাকেন। তার অধীনে রয়েছে দোজখের ছাব্বিশটি শয়তানবাহিনী।



PHOENIX/PHENIX/ PHEYNIX


(ফনেক্স/ফিনিক্স)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে সাইত্রিশ তম হলো ফনেক্স/ফিনিক্স। এই ফনেক্স/ফিনিক্স হলেন একজন ফলেন এঞ্জেল। পতনের পূর্বে তিনি স্বর্গের সপ্তম আসনে বিরাজমান ছিলেন।

বর্তমানে সে জাহান্নামে একজন মারকুইজ হিসেবে রাজত্ব করে। তার অধীনে বিশটি বিশাল শয়তানবাহিনী রয়েছে।

বিভিন্ন বর্ণনামতে সে দেখতে হুবহু ফিনিক্স পাখির মতো। তার কন্ঠ অত্যন্ত সুরেলা এবং সে ছোট বাচ্চাদের গলার স্বর নকল করে গান করতে পারে। জানা যায়, তার কন্ঠস্বর এতটাই মোহনীয় যে তার



আহ্বানকারীকে এই কণ্ঠ দ্বারা আবিষ্ট করে ফেলতে পারে। তাই জাদুকরেরা তাকে আহবান করার পূর্বে নিজেদের তার সুর থেকে রক্ষা করতে কবচ ব্যবহার করে থাকে।

প্রয়োজন অনুসারে ফনেক্স মানব রূপও ধারণ করতে পারে। তার নিকট বিজ্ঞান এবং কাব্যের এক অজানা জ্ঞানভান্ডার রয়েছে। তাকে বশ করতে পারলে সে তার আহ্বানকারীর প্রতিটা নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করে।

ফোনেক্স বিশ্বাস করে ১২০০০ বছর পর সে আবার স্বর্গের সপ্তম আসনে অধিষ্ঠিত হবে যেখানে তিনি পতনের পূর্বে অবস্থান করতেন।




HALPHAS (হ্যালফাস)

ডেমন হ্যালফাস একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি আটত্রিশতম।

জাহান্নামে তিনি একজন আর্ল।

তিনি একটি সারসের রূপে আবির্ভূত হন। তার কণ্ঠস্বর কর্কশ। তিনি নগর ধ্বংস করেন। এটাও শোনা যায় যে আদেশ করলে তিনি নগর সৃষ্টি করতে পারেন এবং তা সশস্ত্র সৈন্য দ্বারা পরিপূর্ণ করতে পারেন। হ্যালফাস শত্রুর হাতের তলোয়ার নিয়ে যায় এবং তিনি যুদ্ধের ময়দান কিংবা অন্য কোথাও সৈন্য প্রেরণ করতে পারেন। তার অধীনে জাহান্নামের ২৬ টি শয়তানবাহিনী রয়েছে।



MALPHAS (ম্যালফাস)


ডেমন ম্যালফাস একজন ফলেন এঞ্জেল। ৭২ ডেমনের লিস্ট এ তিনি উনচল্লিশতম। তিনি দোজখের একজন শক্তিশালী প্রেসিডেন্ট।

তিনি প্রথমে একটি কাকরূপে আবির্ভূত হন, তবে জাদুকরের আদেশে তিনি মানুষের রূপও ধারণ করতে পারেন। তার কণ্ঠস্বর কর্কশ।

তিনি সুউচ্চ প্রাসাদ তৈরিতে দক্ষ। জাদুকরের আদেশে তিনি শত্রুর প্রাসাদ এবং মন্দির ধ্বংস করে দেন। তিনি প্রতারণাকারীদের দ্রুত

একত্রিত করতে পারেন। শত্রুদের বুদ্ধি, চেতনা এবং সাফল্যকে ধ্বংস করে দিতে পারেন। তিনি মানুষকে সুখ্যাতি দান করেন। তিনি তার প্রতি করা যেকোনো উৎসর্গ শান্তভাবে গ্রহণ






করেন এবং এরপর যিনি উৎসর্গ করেছেন তার সাথে প্রতারণা করেন। তার অধীনে রয়েছে চল্লিশটি শয়তানবাহিনী।

RAUM (রম)



ডেমনদের মধ্যে চল্লিশতম ডেমন হলেন রম। তিনি একজন ফলেন এঞ্জেল। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ থ্রোনস এর সদস্য ছিলেন।

দোজখে তিনি আর্ল হিসেবে রাজত্ব করেন। তার অধীনে ত্রিশটি শয়তানবাহিনী রয়েছে।



রম একটি কাকের বেশ ধরে আবির্ভূত হন। কিন্তু আদেশ দেয়া হলে তিনি মানবরূপও ধারণ করতে পারেন। তিনি গুপ্তধন চুরি করেন এবং তা যেকোনো জায়গায় নিয়ে যেতে পারেন। তিনি শহর এবং মানুষের গৌরব ধ্বংস করার ক্ষমতা রাখেন। তিনিও অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে জ্ঞান রাখেন। তিনি শত্রুদের মধ্যে ভালোবাসা সৃষ্টি করতে পারেন।




FOCALOR
(ফকালর)

কিং সোলাইমান (আ.) এর ৪১ তম ডেমন ফকালর। ফকালরও যথারীতি

একজন ফলেন এঞ্জেল। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ থ্রোনস এর সদস্য ছিলেন। নরকে তিনি একজন ডিউক হিসেবে রাজত্ব করেন এবং তার অধীনে রয়েছে ৩১ টি শয়তানবাহিনী।

তিনি মানুষের রূপে আবির্ভূত হন। তার রয়েছে গ্রিফনের মতো বিশাল দুটো পাখা। তার কাছে বায়ু এবং পানিকে নিয়ন্ত্রণ করার শক্তি রয়েছে। যুদ্ধের সময় তিনি যুদ্ধজাহাজগুলোকে ডুবিয়ে ফেলতে পারেন।



আদেশ করা হলে তিনি কারো ক্ষতি করা থেকে নিজেকে বিরত রাখেন। তিনি বিশ্বাস করেন এক হাজার বছর পর তিনি আবার সপ্তম স্বর্গে ফিরে যাবেন।

VEPAR (ভেপার)




কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে বিয়াল্লিশতম ভেপার। জাহান্নামে তিনি একজন ডিউক হিসেবে দায়িত্বরত আছেন। তার অধীনে কাজ করে চলছে ২৯ টি শয়তানবাহিনী।

ভেপারকে মৎসকন্যারূপে দেখতে পাওয়া যায়। তিনি সমুদ্রের পানির দিক পরিবর্তন কিংবা পানিকে স্থির করতে পারেন। সাগরে ভাসমান প্রতিটি জাহাজ তার নিয়ন্ত্রণে থাকে। তার জাদুতে শুন্য সাগরে অসংখ্য জাহাজ উদিত হয়।

আহ্বানকারীর নির্দেশ মোতাবেক ভেপার সাগরে ঝড় তুলতে পারেন। তিনি তার শিকারকে এক অভিনব উপায়ে হত্যা করেন। প্রথমে তিনি তার শিকারের শরীরে একটি ক্ষত সৃষ্টি করেন। এরপর সেই ক্ষততে পচন ধরে এবং পোকা দেখা দেয় এবং মাত্র তিন থেকে পাঁচদিনের মধ্যেই তার শিকার হওয়া ব্যক্তি মৃত্যুবরণ করে।

জোহান ওয়ারের মতে ভেপারের প্রভাবে কারো শরীরে ক্ষত দেখা দিলে, পর্যাপ্ত মনোযোগ এবং ভালোবাসার সাথে চিকিৎসা করার মাধ্যমে সেই ব্যক্তিকে সুস্থ করে তোলা সম্ভব।






SABNOCK
(স্যাবনক)

তেতাল্লিশতম ডেমন স্যাবনকও যথারীতি একজন ছিলেন এঞ্জেল। তিনি জাহান্নামে একজন

মারকুইজ হিসেবে রাজত্ব করে। তিনি ধূসর ঘোড়ায় আরোহিত একজন সাহসী যোদ্ধার রূপে আবির্ভূত হন। তার চেহারা দেখতে সিংহের মতো।

তিনি সুউচ্চ প্রাসাদ, ভবন এবং নগর গড়ে তুলতে পারেন এবং তা ধ্বংস করারও ক্ষমতা রাখেন। আহ্বানকারীর আদেশে তিনি মানুষকে শাস্তি দিয়ে থাকেন। তার শিকারের শরীরে দগদগে ঘা দেখা দেয়। ঘা




গুলো পুঁজ এবং পোকা দ্বারা পরিপূর্ণ থাকে। তিনি তার শিকারকে অবর্ণনীয় যন্ত্রণা দিয়ে হত্যা করতে সক্ষম। তিনি মানুষকে সুনাম এবং শ্রদ্ধা অর্জনেও সহায়তা করেন। তার অধীনে দোজখের পঞ্চাশটি শয়তানবাহিনী রয়েছে।

SHAX *(শ্যাক্স)*



কিং সোলাইমান (আ.) এর চুয়াল্লিশতম ডেমন হলেন শ্যাক্স। তার মুখমন্ডল সারসের ন্যায় এবং কণ্ঠস্বর কর্কশ।

আহ্বানকারীর আদেশে তিনি যেকোনো ব্যক্তির দৃষ্টিশক্তি, বাকশক্তি এবং বোঝার ক্ষমতা নষ্ট করে দিতে পারেন। তিনি রাজাদের থেকে ধনসম্পদ চুরি করেন এবং ১২০০ বছর পর তা ফেরত দিয়ে থাকেন। জাদুকরের ত্রিভুজে আহ্বানের পর শ্যাক্স তার আহ্বানকারীকে যেকোনো কিছু এনে দিতে সক্ষম। তবে আহ্বানের আনুষ্ঠানিকতায় কোনো ত্রুটি থাকলে তিনি প্রতারণা করতে পারেন।




আহ্বানকারী আদেশ করলে তিনি অশ্ব চুরি করেন। যেকোনো গোপন জিনিস খুঁজে বের করতে পারেন, যদি সেসব জিনিস কোনো দুষ্ট আত্মাদের দ্বারা সুরক্ষিত না হয়। তিনি তার আহ্বানকারীকে মানুষের সম্মান অর্জন করতে সাহায্য করেন। দোজখে তিনি ত্রিশটি শয়তানবাহিনীকে পরিচালিত করে থাকেন।



VINE (ভাইন)

পয়তাল্লিশ নাম্বারে আমরা দেখতে পাই ডেমন ভাইনকে। তিনিও যথারীতি একজন ফলেন এঞ্জেল। জাহান্নামে সে একজন রাজা এবং আর্ল (*earl*)। তার অধীনে সৈন্যবাহিনীর সংখ্যা ৩৫ টি।

কিছু জায়গায় ভাইন এর এক অভিনব রূপের বর্ণনা পাওয়া যায়। আমরা সেখানে তাকে দেখতে পাই এক তেজি সিংহরূপে, যে একটি কালো ঘোড়ার উপর আরোহন করে আছে। তবে বেশিরভাগ বর্ণনায় তাকে একজন কদাকার পিশাচ রূপে দেখা যায় এবং আদেশ অনুসারে তিনি মানবরূপও ধারণ করতে পারেন।



ভাইন লুকোনো গুপ্তধন খুঁজে বের করতে পারেন, ডাইনীদের চিহ্নিত করতে পারেন এবং তিনি মানুষের


অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে অবহিত।

আহ্বানকারীর আদেশ অনুযায়ী তিনি প্রাসাদ গড়ে তুলতে পারেন কিংবা ধ্বংস করে দিতে পারেন এবং তিনি শান্ত সাগরে ঝড় তুলতে পারেন।



BIFRONS
(বিফ্রনস)

বাহাত্তর ডেমনের মধ্যে ছেচল্লিশতম হলেন বিফ্রনস। তিনি একজন আর্ল। তিনি সাধারণত একটি দানবের বেশে আবির্ভূত হন। কিন্তু আদেশ অনুসারে তিনি মানবরূপ ধারণ করতে পারেন।




তিনি জ্যোতির্বিদ্যা, জ্যামিতি, গণিত, আয়ুর্বেদ, মূল্যবান পাথর এবং কাঠের ব্যবহার সম্পর্কে মানুষকে জ্ঞান দেন। তিনি কবর থেকে মৃতদেহ সরিয়ে তাকে অন্য স্থানে স্থানান্তর করতে পারেন। তিনি কবরে মোমবাতি প্রজ্জ্বলিত করেন। তার অধীনে ছয়টি শয়তানবাহিনী রয়েছে।

UVALL *(উভ্যাল)*



কিং সোলাইমান (আ.) এর অধীনে থাকা সাতচল্লিশতম ডেমনের নাম উভ্যাল। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ পাওয়ারের সদস্য ছিলেন। বর্তমানে জাহান্নামে তিনি একজন ডিউক এবং



৩৭ টি শয়তানবাহিনীর অধিপতি হিসেবে দায়িত্বরত আছেন।

তিনি প্রথমে একটি গৃহপালিত উটরূপে আবির্ভূত হন এবং ধীরে ধীরে মানবে পরিণত হয়। মানবরূপে তিনি ভাঙা ভাঙা ইজিপশিয়ান ভাষায় কথা বলেন। তিনি যেকোনো রমণীকে প্রেমে পরতে বাধ্য করতে পারেন। অতীত, বর্তমান. ভবিষ্যৎ জনেন এবং শত্রুকে বন্ধুতে পরিণত করতে পারেন।




HAAGENTI

(হ্যাজেন্ট)

আটচল্লিশতম ডেমন হ্যাজেন্ট-ও কিং সোলাইমান (আ.) এর অন্য ডেমনদের মতো ফলেন এঞ্জেল। হ্যাজেন্ট একজন প্রেসিডেন্ট যার অধীনে ৩৩ টি শয়তান বাহিনী রয়েছে।


তিনি একটি ষাঁড়ের রূপে আবির্ভূত হন। তার রয়েছে গ্রিফনের মতো বিশাল দুটো পাখা। তবে জাদুকরের আদেশে তিনি মানবরূপও ধারণ করতে পারেন। তিনি মদকে পানিতে রূপান্তর করতে পারেন। যেকোনো ধাতুকে স্বর্ণে পরিণত করতে পারেন এবং তিনি মানুষকে প্রজ্ঞাবান করে তোলেন।





PROCEL (প্রসেল)

উনপঞ্চাশতম ডেমন প্রসেল। প্রসেল একজন ডিউক। তিনি ফেরেশতার বেশ ধরে মানুষের সামনে আসেন। তার অধীনে কাজ করে ৪৮ টি শয়তান বাহিনী। পতনের পূর্বে তিনি অর্ডার অফ পাওয়ারের দায়িত্বে ছিলেন।




তিনি মানুষকে বিভিন্ন গোপন জ্ঞান প্রদান করে থাকেন। তিনি হেয়ালিপূর্ণভাবে কথা বলতে পছন্দ করেন। মানুষকে জ্যামিতি এবং বিজ্ঞান শিক্ষা দেন। আদেশ করলে তিনি একটি বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি করতে পারেন। তিনি পানিকে গরম করতে পারেন এবং বাষ্পে পরিণত করতে পারেন।

FURCAS
(ফারকাস)



বাহাত্তর জনের লিস্ট এ ফারকাস ছিলেন পঞ্চাশতম। তিনি একজন নাইট। তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা বিশটি।




তিনি একজন সুঠামদেহী পুরুষরূপে আবির্ভূত হন। তার বিশাল দাড়ি এবং মাথাভর্তি কোঁকড়ানো চুল রয়েছে। তার হাতে ধারালো অস্ত্র শোভা পায় এবং তার বাহন হলো একটি তেজি সাদা ঘোড়া। তিনি মানুষকে বক্তৃতা, বিজ্ঞান, যুক্তি, জ্যোতির্বিদ্যা, হস্তবিদ্যা এবং ভবিষ্যৎবাণীর জ্ঞান দান করেন।

BALAM
(বালাম)



বালাম একসময় এঞ্জেলিক অর্ডার অফ ডমিনেশনের সদস্য ছিলেন। বর্তমানে তিনি একজন ফলেন

এঞ্জেল। তার অধীনে রয়েছে ৪০ টি শয়তানবাহিনী। কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ৫১ তম।




তিনি একজন ভয়ঙ্কর এবং শক্তিশালী রাজা। তার একটি মাথা ষাঁড়ের, একটি মানুষের এবং তৃতীয়টি মেষের। তার রয়েছে সাপের মতো লেজ এবং তার চোখে সর্বদা জ্বলতে থাকে আগুনের লেলিহান শিখা। তার বাহন একটি রাগান্বিত ভাল্লুক। কিছু বর্ণনামতে তিনি নগ্ন অবস্থায় থাকেন। তিনি তার মুষ্টিতে গোশক ধারণ করেন। তিনি কর্কশ স্বরে কথা বলেন এবং অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে সঠিক উত্তর দিতে পারেন। তিনি মানুষকে অদৃশ্য করতে পারেন এবং বুদ্ধিমান করে তুলতে পারেন।

ALLOCES (এলোসিস)



বায়ান্নতম ডেমন হলেন এলোসিস। নরকে তিনি একজন ডিউক হিসেবে রাজত্ব করেন। তিনি একজন যোদ্ধার বেশে আসেন। তার মুখটি সিংহের। চোখ দুটো থেকে ঠিকরে বের হয় লাল আগুন। কণ্ঠস্বর তীক্ষ্ণ এবং কর্কশ। তার বাহন বিশাল এক ঘোড়া।



তিনি জ্যোতির্বিদ্যা এবং বিজ্ঞানের শিক্ষা দেন। মানুষকে সুখ্যাতি অর্জনে সহায়তা করেন। তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৩৬ টি।


CAIM (কাইম)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ৫৩ তম হলেন কাইম। পতনের পূর্বে তিনি অর্ডার অফ এঞ্জেলস এর সদস্য ছিলেন; জাহান্নামে তিনি একজন প্রেসিডেন্ট হিসেবে রাজত্ব করেন। তার অধীনে ৩০ টি শয়তানবাহিনী রয়েছে।

তিনি প্রথমে একটি কালো পাখিরূপে আবির্ভূত হন এবং ক্রমেই মানুষে পরিণত হন। তার হাতে একটি ধারালো তলোয়ার শোভা পায়। মাঝে মাঝে তাকে ময়ূরের পালকে আবৃত অবস্থায়ও দেখতে পাওয়া যায়।

তিনি জ্বলন্ত ছাইয়ের মাধ্যমে প্রশ্নের উত্তর দেন। তিনি বিরোধের নিষ্পত্তি ঘটাতে পারদর্শী। তিনি মানুষকে অন্যান্য প্রাণীর ভাষা বোঝার শক্তি দান করেন।




এমনকি পানির ভাষা বোঝার জ্ঞানও তিনি মানুষকে দিয়ে থাকেন। তিনি ভবিষ্যত সম্পর্কিত সকল প্রশ্নের উত্তর দিতে পারেন। মার্টিন লুথারের সাথে কাইমের লড়াই হয়েছিল বলে জানা যায়।

MURMUR (ম্যুরম্যুর)



ম্যুরম্যুর একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে চুয়ান্নতম দোজখে তিনি একজন ডিউক এবং আর্ল। তার অধীনে আছে ৩০ টি শয়তানবাহিনী। তিনি একজন যোদ্ধারূপে আবির্ভূত হন। তার মাথায় শোভা পায় ডিউকের উজ্জ্বল মুকুট। তার বাহন একটি বিশাল গ্রিফন। তার সাথে দুজন লোককে ট্রাম্পেট হাতে দেখতে পাওয়া যায়। এরা ম্যুরম্যুরের সম্মানে ট্রাম্পেট বাজাতে থাকেন।




ম্যুরম্যুর মানুষকে দর্শনের শিক্ষা দেন। তিনি মৃত ব্যক্তিদের হাজির করতে পারেন এবং তাদের যেকোনো প্রশ্নের উত্তর দিতে বাধ্য করতে পারেন। পতনের পূর্বে ম্যুরম্যুর একই সাথে এঞ্জেলিক অর্ডার অফ থ্রোনস এবং এঞ্জেলস এর সদস্য ছিলেন।



OROBAS
(ওরবাস)

ডেমন ওরবাস একজন ফলেন এঞ্জেল। ৭২ ডেমনের মধ্যে ওরবাসের ক্রমিক নাম্বার পঞ্চান্ন। পতনের পূর্বে তিনি এঞ্জেলিক অর্ডার অফ থ্রোনস এর দায়িত্বে ছিলেন। বর্তমানে তিনি দোজখের রাজপুত্র এবং ৫৫ টি শয়তানবাহিনীর অধিপতি।



তিনি প্রথমে একটি ঘোড়ার রূপে আবির্ভূত হন এবং জাদুকরের আদেশে মানব রূপ ধারণ করেন। তিনি অতীত এবং বর্তমানের সকল গোপন বিষয় খুঁজে বের করতে পারেন। অতীত-বর্তমান-ভবিষ্যৎ, আধ্যাত্মিকতা এবং সৃষ্টি সম্পর্কিত যেকোনো প্রশ্নের সঠিক উত্তর দেন।

ওরবাস জাদুকরদের প্রতি বিশ্বস্ত থাকেন এবং অন্য কোনো ডেমন দ্বারা তাদের প্রতারিত হতে দেন না।




GREMORY
(গ্রেমরি)

ডেমন গ্রেমরি একজন ফলেন এঞ্জেল এবং ৭২ ডেমনের মধ্যে তিনি ছাপ্পান্নতম। তিনি

জাহান্নামে একজন শক্তিশালী ডিউক হিসেবে রাজত্ব করেন। তার অধীনে থাকা শয়তানবাহিনীর সংখ্যা ২৬ টি।

তিনি একজন সুন্দরী নারী হিসেবে আবির্ভূত হন। তার মাথায় শোভা পায় উজ্জ্বল মুকুট এবং তিনি উটের উপর আরোহণ করেন।

তিনি গুপ্তধন খুঁজে বের করতে পারেন। অতীত-বর্তমান এবং ভবিষ্যত সম্পর্কে যেকোনো প্রশ্নের সঠিক জবাব দিতে পারেন। তিনি যুবতী মেয়ের পাশাপাশি বয়স্ক নারীদেরও প্রেমে পড়তে বাধ্য করতে পারেন।




OSE (ওস)

কিং সোলাইমান (আ.) এর সাতান্নতম ডেমন ওস। তিনিও একজন ফলেন এঞ্জেল। বর্তমানে তিনি দোজখের একজন প্রেসিডেন্ট। তাকে প্রথমে একটি চিতাবাঘরূপে দেখা যায়। এরপর তিনি মানব রূপ ধারণ করেন।

তিনি মানুষকে বিজ্ঞানের জ্ঞান দান করেন। যেকোনো গোপন প্রশ্নের সঠিক উত্তর দেন। জাদুকরের আদেশে তিনি মানুষের আকার পরিবর্তন করে দিতে পারেন। যে ব্যক্তির আকার পরিবর্তন করা হয় তিনি তা বুঝতেও পারেন না। দোজখে তিনি তিনটি শয়তানবাহিনীর অধিপতি।



জোহান ওয়ারের মতে ওস মানুষের মাঝে বিভ্রান্তির সৃষ্টি করতে পারেন এবং মানুষকে পাগল করে তুলতে পারেন। ওসের জাদুতে মানুষ নিজেকে রাজা বা এ জাতীয় কিছু মনে করে। তবে আশার কথা হলো এই বিভ্রান্তি কেবল এক ঘন্টার মতো স্থায়ী হয়।




AMY (এমি)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে ৫৮ তম হলো এমি। পতনের পূর্বের তিনি এঞ্জেলিক অর্ডার অফ পাওয়ারের দায়িত্বে ছিলেন। তিনি একজন শক্তিশালী প্রেসিডেন্ট এবং তার অধীনে ৩৬ টি শয়তান বাহিনী রয়েছে।

এমি প্রথমে একটি জ্বলন্ত অগ্নিশিখা হিসেবে আবির্ভূত হন। এরপর তিনি মানবরূপ ধারণ করেন। তিনি মানুষকে বিজ্ঞান ও জ্যোতির্বিদ্যার শিক্ষা দেন, সুখ্যাতি দান করেন। অন্য আত্মাদের দ্বারা সুরক্ষিত গুপ্তধনও তিনি খুঁজে বের করতে পারেন।



এমি বিশ্বাস করেন ১২০০ বছর পর তিনি স্বর্গের সপ্তম সিংহাসনে অধিষ্ঠিত

হবেন। স্বর্গের সপ্তম সিংহাসন ঈশ্বরের পাশে অবস্থিত। এই সিংহাসনে কেবল ফেরেশতাদের সর্দার অধিষ্ঠিত হতে পারবেন।

ডেমনোলজিস্ট জন ওয়ার এমির এই দাবিটিকে অবিশ্বাস্য মনে করেন।

BERITH *(বেরিথ)*

বেরিথ একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলায়মান (আ.) এর ৫৯ তম ডেমন। তিনি লাল ঘোড়ায় আরোহিত যোদ্ধার বেশে উপস্থিত হন। তার মাথায় জ্বলজ্বল করতে থাকে স্বর্ণের মুকুট।




পতনের পূর্বে তিনি অর্ডার অফ চেরুবিম এর সর্দার ছিলেন। বর্তমানে তিনি একজন ডিউক তার অধীনে রয়েছে ২৬ টি

শয়তানবাহিনী। তাকে "মাস্টার অফ সেরিমনিজ" ও বলা হয়। তিনি খোদ শয়তানের সাথে কাজ করে থাকেন।

কিছু আলকেমিস্টদের কাছে বেরিথ খুবই গুরুত্বপূর্ণ। তারা বিশ্বাস করেন বেরিথ সকল মৌলিক পদার্থকে বরফে রূপান্তরিত করতে পারেন। যদিও তাকে আহ্বান করা ততটা সহজ নয়।

তাকে অবশ্যই জাদুকরী বৃত্তের ভেতর আহ্বন করতে হয়। বৃত্তের ভেতর তার মোহর অঙ্কিত থাকে। তিনি একই সাথে ওয়াদা পালনকারী এবং মিথ্যাবাদী হিসেবে প্রসিদ্ধ। তাই তার স্বভাব সম্পর্কে খুব বেশি কিছু ধারণা করা যায় না।



বেরিথকে আহ্বান করতে হলে সোমবার রাতে। চৌরাস্তার মোড়ে তার উদ্দেশ্যে কালো মুরগি বলি দিতে হয়। জাদুকরকে জোরে জোরে বলতে হয়, *"আগামী ২০ বছর পর্যন্ত বেরিথ আমার সকল কাজ করবে এবং আমি তাকে তার প্রতিদান দিবো।"*


কেউ এ কথাগুলো মুখে না বলতে চাইলে মুরগির রক্ত দিয়ে কাগজে লিখে তা চৌরাস্তার মোড়ে মাটির নিচে পুঁতে ফেলতে হবে। বেরিথ জাদুকরের সামনে উপস্থিত হবেন এবং তার সকল আদেশ পালন করবেন। কিন্তু বিশ বছর পর তিনি তার পুরস্কারস্বরূপ জাদুকরের আত্মা ছিনিয়ে নিবেন।

১৬১১ সালে ফ্রান্সের বিখ্যাত Aix en-Provence Possessions - এ বেরিথকে একজন মূল ডেমন হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছিল।



VAPULA
(ভ্যাপুলা)

ডেমন ভ্যাপুলা কিং সোলাইমান (আ.) এর অধীনে থাকা ৬০ তম ডেমন। দোজখে তিনি একজন ডিউক হিসেবে রাজত্ব করেন এবং তার



অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৩৬ টি।

তিনি দেখতে সিংহের মতো এবং তার গ্রিফনের মতো দুটো ডানা আছে। তিনি বেশ শক্তিশালী এবং প্রজ্ঞাময়। তার কাছে পৃথিবীর সকল দর্শন এবং বিজ্ঞানের জ্ঞান পুঞ্জীভূত আছে। তিনি নিজের আহ্বানকারীকে দর্শন, বিজ্ঞান, যন্ত্রশিল্প এবং হস্তশিল্পের জ্ঞান প্রদান করে থাকেন।

ZAGAN

(জ্যাগান)




কিং সোলাইমান (আ.) এর ৬১ তম ডেমন হলেন জ্যাগান। তিনিও ফলেন এঞ্জেলদের

অন্তর্ভুক্ত। তার অধীনে ৩৩ টি শয়তানবাহিনী কাজ করে। দোজখে জ্যাগান একই সাথে একজন প্রেসিডেন্ট এবং রাজা।

বেশিরভাগ প্রাচীন পুঁথিতে তাকে একটি ষাঁড় হিসেবে চিত্রায়িত করা হয়েছে, যার রয়েছে গ্রিফনের মতো বিশাল দুটো ডানা। সেই সাথে কিছু জায়গায় তার মানবরূপেরও বর্ণনা পাওয়া যায়।

জ্যাগান বোকাকে জ্ঞান দান করেন, নির্বোধকে বুদ্ধিমান করে তোলেন। তার ছোঁয়ায় পানি মদে, রক্ত তেলে, তেল পানিতে এবং মদ রক্তে রূপান্তরিত হয়। জ্যাগান যেকোনো বস্তুকে অর্থে পরিণত করতে পারেন এবং মানুষকে বুদ্ধিমান করে তুলতে পারেন।




অর্থ, জ্ঞান এবং বুদ্ধির আশায় জাদুকরেরা তাকে আহ্বান করে থাকেন।

BOTIS/OTIS (ওটিস)



কিং সোলাইমান (আ.) এর ৬২ ডেমন ওটিস। তিনি একই সাথে একজন প্রেসিডেন্ট এবং আর্ল। প্রায় ষাটটি শয়তানবাহিনী তার অধীনে রয়েছে।

তিনি কুৎসিত সাপের রূপে আবির্ভূত হন। কিন্তু আদেশ করলে তিনি মানবরূপ ধারণ করতে পারেন। তার বড় বড় দাঁত এবং শিং রয়েছে। তার হাতে একটি ধারালো তলোয়ার শোভা পায়। তিনি অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কিত সকল প্রশ্নের উত্তর দেন এবং বন্ধু ও শত্রুদের শনাক্ত করতে পারেন।




ANDRAS
(এন্দ্রাস)



৬৩ তম ডেমন এন্দ্রাস। তিনি একজন মারকুইজ এবং তার অধীনে ৩০ টি শয়তানবাহিনী রয়েছে।

তিনি একজন ফেরেশতা রূপে আবির্ভূত হন। তার একটি দাঁড়কাকের (কোন কোন মতে পেঁচার) মতো মাথা রয়েছে। হাতে শোভা পায় একটি বিশাল চকচকে তলোয়ার।




তার বাহন একটি কালো নেকড়ে। তিনি বিবাদ সৃষ্টি করেন এবং সেইসব লোকদের হত্যা করেন যারা নিজেদের দায়িত্বের প্রতি সচেতন নন। এছাড়াও তিনি মানুষকে শিক্ষা দেন কিভাবে শত্রুবধ করতে হয়।

Haures/Hauras, Haurus, Havres, Flauros (হরেস)



চৌষট্টিতম ডেমন হরেসও আমাদের বাকি ডেমনদের মতো ফলেন এঞ্জেল। তিনি জাহান্নামে একজন ডিউক হিসেবে রাজত্ব করেন এবং তার অধীনে আছে ৩৬ টি শয়তানবাহিনী।




তিনি প্রথমে একটা হিংস্র চিতাবাঘ হিসেবে উপস্থিত হন। তবে আদেশ করলে তিনি জ্বলজ্বলে চোখ এবং ভয়ংকর চেহারার একজন মানুষে পরিণত হন। জাদুকরের ত্রিভুজে আহ্বান করলে তিনি অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ সম্পর্কে করা সকল প্রশ্নের সঠিক জবাব দিয়ে থাকেন। কিন্তু ত্রিভুজের বাইরে তিনি মিথ্যা বলেন এবং প্রতারণা করেন।

হরেস খোলাখুলিভাবে ঐশ্বরিকতা, সৃষ্টিরহস্য এবং ফেরেশতাদের পতনের রহস্যের কথা বলেন। এমনকি তার নিজের পতনের বিষয়েও তিনি সরাসরি কথা বলেন।


তিনি শত্রুদের ধ্বংস করেন। কিন্তু যারা তার কাছে বিপদের সময় সাহায্য প্রার্থনা করে তাদের তিনি ক্ষমা করেন।

ANDREALPHUS (এন্দ্রিয়ালফাস)



এন্দ্রিয়ালফাস একজন ফলেন এঞ্জেল এবং তার ক্রমিক নং ৬৫। তিনি একজন মারকুইজ এবং তার অধীনে ৩০ টি শয়তানবাহিনী রয়েছে।

তিনি প্রথমে একটি ময়ূররূপে আবির্ভূত হন এবং পরবর্তীতে মানবরূপ ধারণ করেন। তিনি মানুষকে পাখিতে রূপান্তর করতে পারেন এবং তাদের ধূর্ত করে তোলেন। তিনি জ্যামিতি এবং জ্যোতির্বিদ্যা সহ সকল হিসাব নিকাশজনিত জ্ঞান প্রদান করে থাকেন।




CIMEIES
(সিমেজেস)



ছেষট্টিতম ডেমন সিমেজেস। তিনি একজন মারকুইজ এবং তার অধীনে ২০ টি শয়তানবাহিনী রয়েছে। আফ্রিকার আত্মারাও তার দাসত্ব করে।

তিনি একটি কালো ঘোড়ায় আরোহিত যোদ্ধারূপে আবির্ভূত হন। তিনি মানুষকে ব্যাকরণ, যুক্তি এবং কলার শিক্ষা দেন।


তিনি হারানো বস্তু এবং গুপ্তধন খুঁজে বের করতে পারেন।



AMDUCIAS (এমডুসিয়াস)



এমডুসিয়াস একজন ফলেন এঞ্জেল এবং কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তিনি ৬৭ তম। তিনি একজন ডিউক এবং তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ২৯। তিনি প্রথমে একটি ইউনিকর্ণের রূপে আবির্ভূত হন।



তাকে আদেশ করলে তিনি কোনো মানবরূপ ধারণ করবেন না কিন্তু আদেশের পর তার চারদিকে বাদ্যযন্ত্র বাজা

শুরু হবে। গাছেরা তার সামনে মাথা নত করে। তিনি মানুষকে গাছদের উপর কর্তৃত্ব প্রদান করেন এবং সুখ্যাতি দান করেন।

BELIAL (বেলিয়াল)


বেলিয়াল একজন অন্যতম গুরুত্বপূর্ণ এবং অশুভ ডেমন। তিনি দেখতে সুন্দর। তার কণ্ঠস্বর মোলায়েম। কিন্তু তার চরিত্র ছলচাতুরী, বিশ্বাসঘাতকতা এবং মিথ্যা দ্বারা পরিপূর্ণ। তিনি বেপরোয়া স্বভাবের।

কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে বেলিয়াল ৬৮ তম। তিনি যৌনতা, ব্যভিচার, কামনা দ্বারা মানুষের মনে অনুশোচনা তৈরি



করেন। সেইন্ট পল বেলিয়ালকে এই বাহাত্তর ডেমনের প্রধান মনে করেন।

বেলিয়ালের নাম হিব্রু শব্দ "বেলি" এবং "ইয়াল" শব্দ দুটো থেকে এসেছে। যার অর্থ "মূল্যহীন"। হিব্রু লোককথা অনুযায়ী লুসিফারের পরেই বেলিয়ালকে সৃষ্টি করা হয়েছিল। তিনি কিছুদিন অর্ডার অফ এঞ্জেলস এর দায়িত্বে ছিলেন। এরপর থেকে অর্ডার অফ ভার্চুস এর দায়িত্ব গ্রহণ করেন।



বেলিয়াল শুরু থেকেই খারাপ চরিত্রের ছিলেন। তিনিই সর্বপ্রথম ঈশ্বরের বিরোধিতা করেন। স্বর্গ থেকে পতনের পর তিনি মিথ্যা এবং অশুভের প্রতীক হয়ে ওঠেন। বেলিয়াল নামটা কখনো কখনো খ্রিষ্টধর্মে বর্ণিত শয়তান বা এন্টিক্রাইস্টের সমর্থক হিসেবে মানা হয়। ওল্ড টেস্টমেন্ট এর বর্ণিত "বেলিয়ালের পুত্রগণ" দ্বারা অযোগ্যতা ও বেপরোয়াতা বোঝানো হয়।

সলোমন'স টেস্টমেন্ট এ পাওয়া যায় বেলিয়াল কিং সোলাইমান (আ.) এর সামনে নাচতেন এবং তার অধীনে কাজ করতেন। তিনি সোলাইমান (আ.) এর হাতের বিশেষ আংটি দ্বারা শাসিত ছিলেন।

ডেড সি স্ক্রলে বেলিয়ালকে "অন্ধকারের পুত্রদের সর্দার","ডেমনদের প্রধান" এবং "ধ্বংসের প্রতীক" হিসেবে বর্ণনা করা হয়েছে।

টেস্টমেন্ট অফ আমরানে বেলিয়ালকে তিনিটি নামে ডাকা হয়েছে। যথাঃ

১)বিলায়েল

২)অন্ধকারের রাজপুত্র

৩)অন্ধকারের সম্রাট

তিনি সকল অন্ধকারের উপর কর্তৃত্বশীল এবং তার প্রতিটা কাজই অন্ধকার। জন ওয়ারের মতে বেলিয়াল নরকের ৮০ টি বাহিনীর ওপর কর্তৃত্বশীল এবং তুরস্কে তিনি নরকদূতের দায়িত্ব পালন করছেন।


লেমেগেটনের ম্যাজিক্যাল গ্রীমরে লেখা আছে, তাকে আহ্বান করার জন্য উৎসর্গ জরুরি। তিনি একজন সুদর্শন ফেরেশতারূপে রথে চড়ে আবির্ভূত হন। তার রথ বহন করে কিছু ড্রাগন। এসকল ড্রাগনের নিঃশ্বাসের সাথে আগুন নিঃসরিত হয়। তিনি মিষ্টভাষী। অধিকাংশ ক্ষেত্রেই তিনি জাদুকরদের ধোঁকা দিয়ে থাকেন। কিন্তু যারা তাকে বশ করতে পারেন তাদের তিনি পুরস্কারস্বরূপ সুখ্যাতি এবং ক্ষমতা দান করেন।



ORIAX (ওরাক্স)

৬৯ তম ডেমন হলেন ওরাক্স। তিনি একজন মারকুইজ। তিনি নরকের ৩০ টি বাহিনীকে পরিচালিত করেন।

ওরাক্স দেখতে সিংহের মতো। তার সাপের মতো লেজ রয়েছে। তার ডান হাতে দুটো সাপ শোভা পায় এবং বাহন ঘোড়া। তিনি মানুষকে জ্যোতির্বিদ্যার জ্ঞান এবং সুখ্যাতি দান করেন।




DECARABIA /CARABIA (ডেক্যারাবিয়া)

ডেক্যারাবিয়া একজন ফলেন এঞ্জেল। কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের মধ্যে তার অবস্থান সত্তরতম। তিনি দোজখের একজন মারকুইজ। তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৩০ টি।

পেন্টাকলের ভেতরে ডেক্যারাবিয়া একটি তারকার রূপে হাজির হন। তবে আদেশ করলে তিনি আকার পরিবর্তন করতে পারেন। তিনি জাদুকরের জন্য জাদুকরী পাখি সৃষ্টি করতে পারেন। এরা জাদুকরের সাথেই অন্যান্য সাধারণ পাখির মতো ঘুরে বেড়ায়। এরা জাদুকরকে বিভিন্ন বিপদ থেকে রক্ষা করে। এবং তার কাছে নানা গোপন খবর পৌঁছে দেয়। ডিক্যারাবিয়া আয়ুর্বেদ এবং নানা মূল্যবান পাথরের ব্যবহার সম্পর্কে জানেন।






DANTALION (দেনতালিয়ন)



একাত্তরতম ডেমন হলেন দেনতালিয়ন। তিনি দোজখের একজন অন্যতম ডিউক। তিনি মানবরূপে আবির্ভূত হন। তার রয়েছে অসংখ্য মাথা। তার হাতে শোভা পায় পুস্তক।

তিনি মানুষের চিন্তাধারা সম্পর্কে অবগত এবং চাইলেই তার পরিবর্তন ঘটাতে পারেন। তিনি মানুষের মনে প্রেম উৎপন্ন করতে পারেন। তিনি মানুষকে সকল কলা এবং বিজ্ঞানের শিক্ষা দেন। তার অধীনে রয়েছে ৩৬ টি শয়তানবাহিনী।




ANDROMALIUS (এন্দ্রোমেলিয়াস)



কিং সোলাইমান (আ.) এর ৭২ ডেমনের ভেতর ৭২ তম হলেন এন্দ্রোমেলিয়াস। তিনি একজন ফলেন এঞ্জেল। এন্দ্রোমেলিয়াস একজন আর্ল। তিনি মানবরূপে আবির্ভূত হন। তার হাতে একটি সাপ শোভা পায়।

তিনি গুপ্তধন এবং চুরি হয়ে যাওয়া জিনিস উদ্ধার করতে পারেন। চোরকে খুঁজে বের করতে পারেন। পাপীকে শাস্তি দেন। তার অধীনে শয়তানবাহিনীর সংখ্যা ৩৬ টি।



এই ৭২ জিন ছাড়াও কিং সোলাইমান (আ.) এর অধীনে অসংখ্য জিন-শয়তান ছিলেন। এদের মধ্যে তার ৩১ জন বায়ুপ্রেত বিশেষভাবে উল্লেখযোগ্য। এই বায়ুপ্রেতগুলো সোলাইমান (আ.) এর অধীনে থাকা চারটি উপাদানের (যথাঃ পৃথিবী, বায়ু, আগুন, পানি) সাথে সম্পর্কযুক্ত। এরা ভালো এবং খারাপ দু ধরণেরই হয়ে থাকেন। এরা পৃথিবীর যেকোনো গোপন জিনিস প্রকাশ করতে পারেন। চারটি উপাদানের সাথে সম্পর্কযুক্ত যেকোনো কাজ করতে সাহায্য করতে পারেন। এরা রাজা বাদশা সহ সকলের গোপন খবর সম্পর্কে জ্ঞান রাখেন। আমরা এখন এই ৩১ জন বায়ুপ্রেত সম্পর্কে জানবোঃ

AMENADIEL (আমেনাডিয়েল)

আমেনাডিয়েল হলেন পশ্চিমের মহান সম্রাট। তার অধীনে আছে ৮০০ ডিউক। এই ৮০০ ডিউকের অধীনে আবার রয়েছে প্রায় ৪০,০০,০৩০,০০০,০০,০০০ সংখ্যক পিশাচ। এত সংখ্যক পিশাচের মধ্যে আমরা কেবল প্রধান ১২ জন ডিউক সম্পর্কে জানতে পারি।আমেনাডিয়ালের কাছে পৌঁছানোর জন্য এই ১২ জন ডিউকের সাধনাই যথেষ্ট ।

আমেনাডিয়েলকে দিন রাত যে কোনও সময় ডাকা গেলেও তার অধীনস্থ ডিউকদের নির্দিষ্ট সময় অনুযায়ী আহ্বান করতে হয়; যেমন ভাদ্রাসের আহবান দিনের প্রথম ২ ঘন্টার মধ্যে শুরু করতে হয়। আবার অন্য একজন ডিউক, নাদ্রোকের আরাধনা রাতের শেষ ২ ঘন্টার মধ্যে করতে হয়।

ARMADIEL (আর্মাদিয়েল)

আর্মাদিয়েল উত্তর-পূর্বে রাজা হিসাবে শাসন করেন। তার অধীনে রয়েছে ১৫ জন পিশাচ, যারা তার প্রধান দায়িত্বপালনকারী হিসাবে কাজ করে। এদের প্রত্যেকের অধীনে রয়েছে আবার ১২৬০ জন করে জিন। এরা খুবই সক্রিয় থাকে তবে এদের আরাধনা নির্দিষ্ট সময়ে করতে হয়।

আর্মাদিয়েলের প্রধান ১৫ জন পিশাচ হলেন:

১. নাসার	৬. আলফেরিয়েল	১১. পাডিয়েল
২. প্যারাবিয়েল	৭. ওরিন	১২. কারাসিবা
৩. লারিয়েল	৮. সামিয়েট	১৩. আসবিবিয়েল
৪. ক্যালভামিয়া	৯. আসমিয়েল	১৪. এাফায়ার
৫. ওরেইল	১০. জাসিজিল	১৫. ওমিয়েল

ASELIEL (অসেলিয়েল)

জিন অসেলিয়েল কিং সোলাইমান (আ.) এর ৩১ হাওয়াই জিনদের মধ্যে অন্যতম। তিনি দক্ষিণে এবং প্রাচ্যে কার্নেসিলের অধীনে জিনদের রাজা হিসাবে শাসন করেন।




দিনে তার সহযোগী হিসাবে ১০ জন জিন থাকেন এবং রাতে থাকেন আরো ২০ জন। আবার এই ৩০ জন জিনের নিয়ন্ত্রণে রয়েছে অসংখ্য জিন। আমরা এখানে কেবল ১৬ জন প্রধান জিনের নাম উল্লেখ করবো। এরা দিনে এবং রাতে অসিলিয়েল এর সহযোগী হিসেবে কাজ করেন। এদের প্রত্যেকেরই আবার ২০ জন করে দাস রয়েছে। এরা সকলেই দেখতে সুদর্শন এবং ভদ্র স্বভাবের।

প্রধান ৮ জন জিন যারা দিনের বেলায় দায়িত্ব পালন করেন তারা হলেন :

১. মেরিল	৩. পারনিয়েল	৫. কিউবিয়েল
২. চারাস	৪. আরতিয়েল	৬. আনিয়েল

৭. আসহেল ৮. আরি

প্রধান ৮ জন জিন যারা রাতের বেলায় দায়িত্ব পালন করেন তারা হলেন :



১.আসফিল ৫. মেলাস

২. কুরিয়েল ৬. গারিল

৩. চামোস ৭. ওথিয়েল

৪. ওডিয়েল ৮. বোফার

ASYRIEL (অ্যাসরিয়েল)

অ্যাসরিয়েল হলেন আমাদের সপ্তম জিন। তিনি দক্ষিণ ক্যাম্পিপলের মহান সম্রাটের অধীনে রাজত্ব করেন। তিনি একজন শক্তিশালী রাজা। অ্যাসরিয়েল দক্ষিণ পশ্চিম অঞ্চল শাসন করেন। তার অধীনস্থ রয়েছেন ২০ জন জিন সর্দার। দিবা রাত্রি তারা অ্যাসরিয়েলের দাস হিসাবে উপস্থিত থাকেন । তারা সকলেই ভদ্র স্বভাবের এবং খুবই আজ্ঞাবহ।

অ্যাসরিয়েলের অধীনস্থে দিনের বেলায় যে ৮ জন জিন দায়িত্ব পালন করেন তারা হলেন:

১. অ্যাস্টর	৪. রাবাস	৭. কুসিয়েল
২. কার্গা	৫. আর্কিস্যাট	৮. মাগুয়েল
৩. বুনিয়েট	৬. আরিয়েল	

এবং রাতে যেই আটজন দায়িত্ব পালন করেন তারা হলেন :

১. অ্যামিয়েল	৪. ওমিয়েল	৭. ফাসূয়া
২. কুসরিট	৫. বুদর	৮. হামাস
৩. মেরোথ	৬. অ্যাসপিল	

BARMIEL (বারমিয়েল)

পিশাচ বারমিয়েল কিং সোলাইমান (আ.) এর ৩১ বায়ুপ্রেতের মধ্যে অন্যতম। তিনি দক্ষিণের সম্রাট ক্যাসপিলের অধীনস্থ। তিনি ক্যাসপিলের প্রথম এবং প্রধান আত্মা। তার ফরমায়েশ খাটার জন্য দিনে ১০ জন এবং রাতে ২০ জন ডিউক নিযুক্ত থাকেন। এরা জাদুবিদ্যায় খুবই পারদর্শী।

এদের মধ্যে রাতে এবং সকালে যেসব পিশাচদের সাধনার জন্য ডাকা হয় তাদের নাম নিচে দেয়া হলো।

দিনে দায়িত্বরত থাকা পিশাচসমূহের নাম:


- সোচাস
- কেরিয়েল
- কার্পিল
- তিগার
- একটেরাস
- মানোই
- চানসি
- বারবিল

এবং রাতে দায়িত্বরত থাকা পিশাচসমূহের নাম:

- বার্বিস
- একরেবা
- গ্যাবিও
- মার্গুনস
- মরকাজা
- অসটিব
- ক্যানিলেল
- বাবা

BARUCHAS(বারুচাস)

বারুচাস কিং সোলাইমান (আ.) এর ৩১ বায়ুপ্রেত দের মধ্যে অন্যতম শক্তিশালী বায়ুপ্রেত। পূর্ব এবং উত্তরে রাজা হিসাবে তিনি পরিচিত। তার অধীনে ১৫ জন ডিউক কাজ করেন। আবার এদের



প্রত্যেকেরই অধীনে ৭০৪০ জন জিন রয়েছে। এরা খুবই শান্ত স্বভাবের এবং সাধকের সকল আদেশ মেনে চলেন ।

১৫ জন প্রধান ডিউকের নামসমূহঃ

১. কুইট্রা
২. সরেল
৩. মেলচন
৪. ক্যাভের
৫. এবক
৬. কার্টেল
৭. জ্যানিয়েল
৮. ফারোল
৯. বাওকাসস
১০. গেরিল
১১. মোনায়েল
১২. চুবা
১৩. লামেল
১৪. কার্টেল
১৫. ডেকারিয়েল

CABARIEL (ক্যাবারিয়াল)

ক্যাবারিয়াল খুবই শক্তিশালী বায়ুপ্রেত। তিনি উত্তরে পশ্চিমের একজন শক্তিশালী রাজপুত্র। ক্যাবারিয়েল পশ্চিমের সম্রাট আমেনাডিয়েলের অধীনে কাজ করেন। তিনি বিচ্ছিন্ন জায়গায়, যেমনঃ লুকানো গ্রোভ বা কাঠের দ্বীপগুলিতে উপস্থিত হতে পছন্দ করেন। তার

শরীর বায়বীয় প্রকৃতির। ফলে তাকে খালি চোখে দেখা যায় না। তবে স্ফটিক বা কাঁচের মধ্যে তাকে দেখা যেতে পারে ।

ক্যাবারিয়ালের অধীনে দিনে ৫০ জন এবং রাতে ৫০ জন ডিউক কাজ করে থাকেন । এদের প্রত্যেকের আবার ৫০ জন করে চাকর রয়েছে।

দিনে দায়িত্বরত গুরুত্বপূর্ণ দশজন ডিউকের নাম :

১. সতীফিল
২. পেরিয়াস
৩. গডিয়েল
৪. তারোস
৫. অ্যাসোরিয়েল
৬. ইটিমিয়েল
৭. ক্লাইসান
৮. এলিটেল
৯. অ্যানিয়েল
১০. কাপাল

এবং রাতের গুরুত্বপূর্ণ দশজন ডিউক হলেন:

১. ম্যাডোর
২. পেনিয়েট
৩. কুগিয়েল
৪. থালবাস
৫. ওটিম
৬. লাডিয়েল
৭. মরিলাস
৮. প্যান্ডোর
৯. কাজুল
১০. ডুবিয়েল

দ্রষ্টব্য: দিনের দায়িত্বরত ডিউকেরা সাধকের আনুগত্য করতে ভালোবাসে। এদের দিনের বেলা আহবান করতে হয়। রাতের ডিউকেরা অশুভ এবং দুষ্ট প্রকৃতির হয়। এরা সুযোগ পেলেই জাদুকরকে প্রতারিত করার চেষ্টা করেন। তাই এদের সাধনায় বাড়তি সতর্কতা অবলম্বন করতে হয়।

CAMUEL (ক্যাময়েল)

ক্যামুয়েল কিং সোলাইমান (আ.) এর ৩১ বায়ুপ্রেতের মধ্যে অন্যতম। তিনি প্রাচ্যের প্রধান শক্তিশালী রাজা হিসাবে অধিষ্ট আছেন। তাঁর অসংখ্য জিন রয়েছে। যাদের মধ্যে আমরা কেবল ২০ জন সম্পর্কে জানতে পারি। এরা প্রত্যেকেই বেশ সুদর্শন।

এই ২০ জন ডিউকের নাম হলো :


১. অরপিমিয়েল
২. ওমিয়েল
৩. ক্যামেল
৪. বুদিয়েল
৫. এলকার
৬. সিটগারা
৭. পেরিল
৮. ক্যারিয়েল
৯. নেরিয়েল
১০. ড্যানিয়েল
১১. অসিমিল
১২. কালীম
১৩. ডোবিয়েল
১৪. নোদার
১৫. ফানিয়েল
১৬. মেরাস
১৭. আজেমো
১৮. টেডিয়েল
১৯. মরিয়েল
২০. তুগারোস



CARNESIELL
(কার্নেসিল)

কার্নেসিল অন্যতম একজন বায়ুপ্রেত । কার্নেসিল পূর্বের প্রধান সম্রাট এবং তার অধীনে রয়েছে এক হাজার গ্র্যান্ড ডিউক। সেই সাথে রয়েছে অপেক্ষাকৃত কম শক্তিশালী আরো ১০০ ডিউক এবং ৫০,০০০,০০০,০০০,০০০ কর্মচারী জিন। তার অধীনে থাকা ১২ জন গুরুত্বপূর্ণ ডিউকের নাম হলঃ

১. মাইরেজিন
২. ওমিচ
৩. জব্রিয়েল
৪. বুকাফাস
৫. বেনোহাম
৬. আরিফিল
৭. কিউমারিল
৮. ভাদ্রিয়েল
৯. আরমানি
১০. কপ্রিল
১১. বেডারি
১২. লাফোর



কার্নেসিল দিন বা রাতে যেকোনো সময় উপস্থিত হতে পারেন। তিনি সর্বদা

নিজের সাথে ১০ জন ডিউক এবং ৩০০ জন জিন নিয়ে উপস্থিত হন।

CASPIEL (ক্যাসপিল)

ক্যাসপিল বায়ুপ্রেতদের মধ্যে অন্যতম প্রধান বায়ুপ্রেত। তাঁর আধিপত্য দক্ষিণে। তাঁর অধীনে অসংখ্য ডেমনের রয়েছে। এরমধ্যে রয়েছে দুজন গ্রেট ডিউক, চার শতাধিক কম ক্ষমতাসম্পন্ন ডিউক এবং ১,০০,২০০,০০০,০০০ জন কর্মচারী জিন। এরা সকলেই একগুঁয়ে স্বভাবের।

ক্যাসপিল বায়বীয় প্রকৃতির । ফলে তিনি যদি নিজেকে প্রকাশ করেন তবে তাকে কাচ বা স্ফটিকের মধ্য দিয়ে সবচেয়ে ভালোভাবে দেখা যায়। ড. রুডস তার গ্রন্থ "Treatise on Angel Magic"-এ ক্যাসপিলকে দক্ষিণের প্রধান দানব হিসাব চিহ্নিত করেছেন ।

তাঁর অধীনে সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনগুলো হল:

- উরসিল
- দুদারিওন
- গেরিল
- চারিট
- ক্যামেরি
- আম্বরি
- মারস
- লারমেট
- কর্নার
- ফেমোট
- এরিডিয়েল
- ওরিয়েল

এরা সকলেই অবাধ্যতার জন্য বিখ্যাত।

DEMORIEL (ডেমোরিয়েল)

বায়ুপ্রেত ডেমোরিয়েল হলেন উত্তরের সম্রাট। তার অধীনে রয়েছে ৪০০ জন ক্ষমতাধর ডিউক। এছাড়াও রয়েছে ৬০,০০০ কম ক্ষমতাসম্পন্ন ডিউক এবং ৭,০০০,০০৮,০০০,০০৯,০০০,০০১ জন কর্মচারী জিন। আরস থুরগিয়ায় নামকরা চারজন জিন-শয়তানের মধ্যে ডেমোরিয়েল একজন।

দিন বা রাতের যে কোনও সময় ডেমোরিয়েলকে আহবান করা যেতে পারে। তিনি বায়বীয় প্রকৃতির অধিকারী তাই স্ফটিক বা কাঁচের মধ্য দিয়ে তাকে সবচেয়ে ভালোভাবে দেখা যায়।

এখানে তার ১২ জন প্রাথমিক ডিউকের নাম উল্লেখ করা হলো :

১. অ্যামিবিয়েল
২. ক্যাবারিম
৩. মেনাদোর
৪. বুড়িসিল
৫. ডোরিয়েল
৬. ম্যাডোর
৭. ক্যামেল
৮. ডাবিলন
৯. মেকল্লু
১০. চুরিবল
১১. ডাব্রিনোস
১২. চমিল

DOROCHIEL (ডোরোকিয়েল)

ডেমন ডোরোকিয়েল পশ্চিম এবং উত্তরের রাজপুত্র হিসাবে শাসন করে। দিনের বেলা চল্লিশ জন ডিউক তাঁর সাথে উপস্থিত হন এবং রাতে আরও ৪০ জন উপস্থিত থাকেন। ডিউক এবং তাদের দাসদের ডেকে আনার জন্য, একজন সাধককে অবশ্যই সাধনা করার সময় অমাবস্যা এবং পূর্ণিমার দিকে মনোযোগ দিতে হবে। এরা খুবই বাধ্য জিন।

সকালে উপস্থিত হওয়া ১২ জন ডিউক হলেনঃ

১. মাগেল
২. আর্টিনো
৩. এফিল
৪. ম্যানিয়েল
৫. স্যুইট
৬. কারসিয়েল/ সুরিয়েল
৭. ক্যাসিল
৮. ফাবিয়েল
৯. কার্বা
১০. মেরাচ
১১. আলুথর
১২. ওমিয়েল

বিকেলে উপস্থিত হওয়া ১২ জন ডিউক হলেনঃ

১. গুডিয়েল
২. আসফর
৩. এমুয়েল
৪. সোরিয়েল
৫. ক্যাবারল
৬. ডিভিল
৭. অ্যাব্রিয়েল
৮. ডানিয়েল
৯. লমোর
১০. ক্যাসেল
১১. বুয়েসিল
১২. লারফোস

সন্ধ্যায় উপস্থিত হওয়া ১২ জন ডিউক হলেনঃ

১. নহাইল
২. অফসিয়েল
৩. ষাঁড়
৪. মোমেল
৫. দরবারল
৬. পানিয়েল
৭. কার্সাস
৮. আলিয়াল
৯. আরজিয়েল
১০. কুসিন
১১. ভ্রানিয়েল
১২. পেলুসার

মধ্যরাতের পরে যে ১২ জন ডিউক উপস্থিত থাকেন তারা হলেনঃ

১. পাফিয়েল
২. গ্যারিয়েল
৩. সোরিয়েল
৪. মজিয়েল
৫. ফিউটিয়েল
৬. কায়রোস
৭. নরসিয়াল
৮. মজিয়েল
৯. আবেল
১০. মেরোথ
১১. ক্যাড্রিয়েল
১২. লডিয়েল

GARADIEL (গ্যারাডিয়েল)



বায়ুপ্রেতদের মধ্যে অন্যতম হলেন গ্যারাডিয়েল। ১৮,১৫০ জন জিন তাঁর অধীনে রয়েছে। তবে তাঁর অধীনে কোন ডিউক বা রাজকুমার নেই। তাই তাকে একাকভাবেই ডাকতে হয়। কিন্তু তিনি তার অধীনে থাকা জিনদের সাথে হাজির হন। দিন ও রাতের শেষ অংশে তাকে আহ্বান করতে হয়। গ্যারাডিয়েল খুব বাধ্য স্বভাবের। তিনি সাধকের সকল আদেশ মেনে চলেন।

GEDIEL (গ্যাডিয়েল)

গ্যাডিয়েল ক্যাস্পিলের অধীনে কাজ করেন। দিনে রাতে তার অধীনে কাজ করার জন্য ৪০ জন ডিউক রয়েছেন। এদের প্রত্যেকের অধীনে

রয়েছে আরো ২০ জন জিন। এরা দেখতে সুদর্শন এবং সাধকের সকল আদেশ মেনে চলেন।


গ্যাডিয়ালের অধীনে থাকা দিনের প্রধান আটজন ডিউকের নাম:

১. কলিল
২. নরস
৩. সাবাস
৪. আসবা
৫. সারিল
৬. প্যানসিয়েল
৭. মাশেল
৮. ব্যারিট

এবং রাতের প্রধান ৮ জন ডিউকের নাম হল :

১. পুনরায়
২. সাদিয়েল
৩. আগ্রা
৪. আনাল
৫. অরোয়ান
৬. সেরিকাস
৭. আগলাস
৮. ভ্রিয়েল

MALGARAS (মালগ্রাস)



ক্রমিক অনুসারে আমাদের নবম বায়ুপ্রেত হলেন মালগ্রাস। তিনি পশ্চিমে রাজা হিসাবে রাজত্ব করেন। তাঁর অধীনে রয়েছে ৩০ জন ডিউক। তারা দিনে এবং রাতে মালগ্রাসের সাথে উপস্থিত থাকেন।

এদের মধ্যে আমরা দিনে এবং রাতে দায়িত্বরত ২৪ জন ডিউকের নাম জানবো। এদের মধ্যে মিজিল, বারফাস, আস্পার এবং দেইলাসের অধীনে ২০ জন করে, অ্যারিস এবং বাসিলের অধীনে ১০ জন করে এবং বাকিদের অধীনে ৩০ জন করে কর্মচারী রয়েছে।

এরা সকলেই বেশ বিনয়ী স্বভাবের এবং সাধকের সকল আদেশ মেনে চলতে প্রস্তুত থাকেন। এরা সবসময় জোড়ায় জোড়ায় হাজির হন। দিনের ডিউকদের আহ্বান করতে হয় রাতে এবং রাতের ডিউকদের অবশ্যই দিনে আহ্বান করতে হবে।

দিনে দায়িত্বরত ১২ জন ডিউক হলেনঃ

১. ক্যামিল	৫. ক্যাসিয়েট	৯. ওপরিয়েল
২. মেলিয়েল	৬. রবিয়েল	১০. মাসিয়েল
৩. উদাসীন	৭. ক্যাবিয়েল	১১. বারফাস
৪. আগোর	৮. উদিল	১২. অ্যারিস

রাতের ১২ জন ডিউক হলেন:

১. আরস
২. ডোয়েল
৩. কিউবি
৪. লাইবলল
৫. রাবোক
৬. অ্যাসপিল
৭. কারন
৮. জামোর
৯. অ্যামিয়েল
১০. অ্যাসপারা
১১. দেইলাস
১২. বেসিল



MASERIEL

(ম্যাসেরিয়েল)

ম্যাসেরিয়েল হলেন দক্ষিণের সম্রাটের অধীনে থাকা চতুর্থ বায়ুপ্রেত। তিনি পশ্চিম এবং দক্ষিণে

রাজা হিসাবে রাজত্ব করেন। তাঁর অধীনে অসংখ্য কর্মচারী আছেন।

এদের মধ্যে আমরা দিনে এবং রাতে দায়িত্বরত প্রধান ২৪ জন ডিউকের নাম জানবো। এরা সকলেই বেশ ভদ্র স্বভাবের এবং স্বেচ্ছায় সকল দায়িত্ব পালন করতে প্রস্তুত থাকেন।

দিনের দায়িত্বরত ১২ জন ডিউক হলেনঃ

১. মাহু
২. ররিয়েল
৩. ইয়ারভিয়েল
৪. জেরিয়েল
৫. অ্যানিয়েল
৬. ভেসুর
৭. আজিমেল
৮. চসোর
৯. পাতিল
১০. আসুয়েল
১১. আলিয়াল
১২. এস্পোয়েল

রাতে দায়িত্বরত ১২ জন ডিউক হলেন :

১. আরচ
২. মারস
৩. নোগুইয়েল
৪. সাইয়েট
৫. অ্যাময়র
৬. বাচলে
৭. বারোস
৮. এলিট
৯. ইরোস
১০. রবিয়েল
১১. অ্যাট্রিয়েল
১২. স্যালভার

MENADIEL (মেনাডিয়েল)

আমাদের এখনকার বায়ুপ্রেতের নাম মেনাডিয়েল। তিনি একজন ডিউক। তাঁর অধীনে ২০ জন ডিউক এবং ১০০ জন সহযোদ্ধা। এদেরকে নির্দিষ্ট সময় আহ্বান করতে হয়।

তার অধীনে বারোজন প্রধান দায়িত্ব পালনকারী জিনের নাম হলোঃ

১. লারমল
২. ড্রেসিয়েল
৩. ক্ল্যামার
৪. বেনোডিয়েল
৫. চারসিয়েল
৬. সামাইল
৭. বারচিয়েল
৮. আমাসিল
৯. বারুচ
১০. নেদ্রিল
১১. কুরসিন
১২. থারসন

PADIEL (প্যাডিয়েল)

প্যাডিয়েল পূর্বের সম্রাটের অধীনে থাকা দ্বিতীয় বায়ুপ্রেত। তিনি পূর্ব এবং দক্ষিণের রাজা হিসাবে রাজত্ব করেন। তার অধীনে জিনের সংখ্যা ৫০,০০০ এরও বেশি। এরা সকলেই ভালো এবং বিশ্বাসযোগ্য।

কিং সোলাইমান (আ.) বলেছিলেন, প্যাডিয়েলের অধীনে থাকা এই জিনদের নিজস্ব ক্ষমতা নেই যতক্ষণ না রাজপুত্র প্যাডিয়েল তাদের ক্ষমতা প্রদান করেন।




PAMERSIEL
(প্যামারসিয়েল)

ডেমন প্যামারসিয়েল পূর্বের প্রধান হিসেবে দায়িত্বরত আছেন। তিনি কার্নেসিলের অধীনে কাজ করেন। তাঁর অধীনে প্রায় এক হাজার জিন রয়েছে। এদেরকে কেবলমাত্র দিনের বেলা আহবান করা যায়।

এদের আহ্বানের সময় বাড়তি সতর্কতা অবলম্বন করা উচিত কারণ এরা বেশ অবাধ্য এবং অহঙ্কারী স্বভাবের হয়।

পামারসিলের অধীনে থাকা প্রধান ডিউকদের নাম হল :

১. আনোয়ার
২. মাদ্রিয়েল
৩. ইব্রা
৪. সোথানো
৫. ক্ষয়
৬. ওরমেনু
৭. আইটুলস
৮. রাবলিয়ান
৯. হামোরফিল
১০. ইট্রাসবিয়েল
১১. ন্যাডরেল



PARMESIEL
(প্যারমিসিয়েলে)

আমাদের পরবর্তী বায়ুপ্রেত প্যারমিসিয়েলের সাধনা অবশ্যই কোন বাড়ির গোপন কক্ষ, লুকানো গ্রোভ, বা গুপ্ত জায়গায় করতে হয়। এদের সাধককে খুব শক্ত এবং ধৈর্য্যশীল হতে হয়।

সাধনার স্থান শীতল হতে হবে। আহ্বান করার পর প্যারমিসিয়েলকে একটি পাথর বা কাঁচের মধ্যে আবদ্ধ করা যেতে পারে। সাধনার সময় প্যারমিসিয়েলের সীলটি অবশ্যই স্তনের উপরে পরিধান করা উচিত।

SOLEVIEL (সোলেভিয়েল)



আমাদের পরবর্তী বায়ুপ্রেতের নাম সোলেভিয়েল। সোলেভিয়েলের অধীনে রয়েছে ২০০ ডিউক এবং ২০০ জন সহচর। এদের মধ্যে অনেকের অধীনে আবার চাকরও রয়েছে।

এরা নানান জায়গায় ঘুরে বেড়ান এবং ভালো প্রকৃতির হন। এদের মধ্যে ১২ জন প্রধান ডিউকের নাম হলো :

১. ইনাচিয়েল
২. প্রক্সিল
৩. মোরাচা
৪. আলমদার
৫. নাদ্রোসিয়েল
৬. কোবুসিল
৭. আম্রিয়েল
৮. অ্যাকোসিয়েল
৯. চারোয়েল
১০. প্রসিয়েল
১১. মুরসিয়েল
১২. পেনাডোর

USIEL (উসিয়েল)

ডেমন উসিয়েল হলেন একাদশতম শক্তিশালী বায়ুপ্রেত। তিনি উত্তর পশ্চিমে এক শক্তিশালী রাজপুত্র হিসেবে শাসন করেন। তাঁর অধীনে ৮০ জন ডিউক রয়েছে। এদের মধ্যে আমরা দিনের সাথে সম্পর্কিত ১৪ জন এবং রাতের সাথে সম্পর্কিত ১২ জন ডিউকের নাম জানতে পারি।

দিনের সাথে সম্পর্কিত প্রথম ৮ জন ডিউকের অধীনে ৪০ জন করে জিন রয়েছে এবং পরবর্তী ৬ জনের অধীনে রয়েছে ৩০ জন করে জিন।

দিনের প্রধান ১৪ জন ডিউক হলেন:

১. আবেরিয়েল
২. আমেতা
৩. আমেন
৪. হেম
৫. নিরাপদ
৬. পটিয়েল
৭. সাইফাম
৮. মাগনি
৯. আমানডিল
১০. বারসু
১১. গামসু
১২. হিসাইন
১৩. ফ্যাবরিয়েল
১৪. উসিনিয়েল

রাতের প্রধান ১৪ জন ডিউক হলেনঃ

১. আনসোয়েল
২. গডিয়েল
৩. বারফোস
৪. বোরফা
৫. আদন
৬. সাদিল
৭. সোডিল
৮. ওসিডিয়েল
৯. প্যাটিয়ার
১০. মারে
১১. আসুরিয়েল
১২. আলমোয়েল
১৩. লাস ফারন
১৪. ইথিওল

কিং সোলাইমান (আ.) এর অধীনে থাকা ৩১ জন বায়ুপ্রেতের মধ্যে এই ২১ জনের পরিচয়ই পাওয়া যায়। ধারণা করা হয় বাকি বায়ুপ্রেতরা হয় অতিরিক্ত গোপনীয় ছিল নতুবা তারা উল্লেখ করার মতো ততটা গুরুত্বপূর্ণ ছিলেন না। তবে এরা সকলেই কিং সোলাইমান (আ.) এর অধীনে গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত ছিলেন বলে জানা যায়।

References:

- "The Goetia: The Lesser Key of Solomon the King" (1904) ~ S.L. MacGregor Mathers
- The Luciferian Goetia (2007) ~ Michael Ford
- The Daemonolatry Goetia (2010) – S. Connolly
- "Pseudomonarchia Daemonum" (1583) ~ Johann Weyer (Johann Wier)
- "Dictionnaire Infernal" (edition of 1863) ~ Jacques Auguste Simon Collin de Plancy